WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA

(দাম ৪ টাকা)

# কর্মসংস্থান

https://karmosangsthan.com

Vol. 33 ■ Issue No. 10 ■ 7th March 2020 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

প্রথম প্রচ্ছদ

● মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার শেষ মুহূর্তের সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর
● চাকরির পরীক্ষার উপযোগী প্রচুর জেনারেল স্টাডিজ
● আরো নানান চাকরি ও কোর্সের খবর

## ১৫০ অ্যাপ্রেন্টিস

ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেডের গাজিয়াবাদ ইউনিট 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ১৫০ জন লোক নিচ্ছে।
আই.টি.আই. থেকে ফিটার,

☞ এরপর ১৬ পাতায়

## ৮৯ অ্যাপ্রেন্টিস

কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা ম্যাজাগন ডক লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' ও 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' হিসাবে ৮৯ জন লোক নিচ্ছে। কারা

☞ এরপর ৫ পাতায়

## জীবনবিমায় ২১৮ অফিসার

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

ভারতীয় জীবনবিমা নিগম 'অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (আই.টি./চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট/অ্যাকচুয়ারিয়াল/লিগ্যাল)' পদে ২১৮ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য আবেদন করতে পারেন :

অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (আই.টি.) : কম্পিউটার সায়েন্স, আই.টি. বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। এম.সি.এ. বা, এম.এসসি. (কম্পিউটার সায়েন্স) কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ৫০টি (জেনা: ২০, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪)।

অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (রাজভাষা) : হিন্দি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা ইংরিজি বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। ইংরিজি ও হিন্দি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা সংস্কৃত বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলেও যোগ্য। ইংরিজি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা হিন্দি বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনা: ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

☞ এরপর ১৬ পাতায়

## হিন্দুস্তান কপার লিমিটেডে ১২০ অ্যাপ্রেন্টিস

আই.টি.আই থেকে পাশ ছেলেদের

হিন্দুস্তান কপার লিমিটেডের মালঞ্জখন্ড কপার প্রোজেক্ট 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ১২০ জন লোক নিচ্ছে।
মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, মেকানিক ডিজেল, ওয়েল্ডার, ফিটার, টার্নার, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক, ড্রাফটসম্যান (মেকানিক), ড্রাফটসম্যান (সিভিল), সার্ভেয়র, কার্পেন্টার, প্লাম্বার, ম্যাসন (বিল্ডিং কন্সট্রাক্টর), টেলিকম মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ১ বছরের ট্রেনিং।
শূন্যপদ : ইলেক্ট্রিশিয়ান ২০টি, ইন্সট্রুমেন্ট মেকানিক ২টি, মেকানিক ডিজেল ১১টি, ওয়েল্ডার ১৪টি, ফিটার ১৪টি, টার্নার ৬টি, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ২টি, ড্রাফটসম্যান (মেকানিক) ৩টি, ড্রাফটসম্যান (সিভিল) ১টি, সার্ভেয়র ৫টি, কার্পেন্টার ৩টি,

☞ এরপর ৭ পাতায়

## উচ্চপ্রাথমিক থেকে উচ্চমাধ্যমিক স্কুলে শিক্ষক নিয়োগের পরীক্ষায় আমূল বদল

**নজরকাড়া বদল**
■ শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর বিবেচনা করা হবে না
■ ইন্টারভিউ, কাউন্সেলিং হবে না
■ 'টেট'এর পর 'মেইন' পাশ করলেই চাকরি। আগের 'টেট' পাশরা শর্তসাপেক্ষে সরাসরি 'মেইন' পরীক্ষা দিতে পারবেন

রঞ্জিৎ ঘোষ : উচ্চপ্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগের নতুন বিধি প্রকাশ করল রাজ্য শিক্ষা দফতর। বদলে গেল শিক্ষক নিয়োগের প্রার্থী বাছাই প্রক্রিয়া। চালু হচ্ছে একটিই পরীক্ষা। উঠে গেল নম্বর বিভাজন, ইন্টারভিউ ও কাউন্সেলিং প্রক্রিয়া। গত সপ্তাহের 'কর্মসংস্থানে' এ বিষয়ে আগাম খবর দেওয়া হয়েছিল। এবার দেখে নিন কী কী নিয়ম বদল হল আর কীভাবে নিয়োগ হবে আর কোন ক্ষেত্রে কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার :

উচ্চপ্রাথমিক স্কুলের শিক্ষক-শিক্ষিকা : মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে

☞ এরপর ১৫ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় ১০১ অ্যাপ্রেন্টিস

কেন্দ্রীয় সরকারি সংস্থা নুমালিগড় রিফাইনারি লিমিটেড অ্যাপ্রেন্টিস হিসাবে ১০১ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :
সিভিল : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনা: ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। চাকরি হবে নুমালিগড়ে।
মেকানিক্যাল : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনা: ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে নুমালিগড়ে।
ইন্সট্রুমেন্টেশন : ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের দ্বিতীয় শ্রেণির

☞ এরপর ২ পাতায়

## ১৫ হাজার প্রাথমিক শিক্ষকের 'টেট'এর নতুন বিজ্ঞপ্তি বেরোচ্ছে

নিজস্ব প্রতিনিধি : প্রাথমিক স্কুলে প্রায় ১৫ হাজার প্রাইমারি টিচার নিয়োগ করার সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। স্কুল শিক্ষা দফতর সূত্রে জানা গেছে, খুব শিগগিরই ১৫ হাজার প্রাইমারি টিচার পদের 'টেট'এর জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে। এখনো প্রার্থী বাছাইয়ের 'টেট' পরীক্ষার তারিখ ঠিক হয়নি। খুব শিগগিরই তা জানিয়ে দেওয়া হবে। এবছর পুজোর আগেই এই পদে নিয়োগের কাজ সম্পন্ন করা হবে।
প্রাথমিক শিক্ষক নিয়োগের শেষ পরীক্ষা হয়েছিল ২০১৫ সালে। ফল বেরোয় ২০১৬ সালে। অনেক মামলার ফলে শেষমেষ প্রায় ৩৫ হাজার প্রার্থীকে নিয়োগ করেছিল প্রাথমিক শিক্ষা পর্ষদ। তারপর

☞ এরপর ৭ পাতায়

## রাজ্য স্বাস্থ্য দফতরে ১২ হাজার নার্স নিয়োগ

নিজস্ব প্রতিনিধি : রাজ্য স্বাস্থ্য দফতরে ১২ হাজার নার্স ও স্বাস্থ্যকর্মী নিয়োগের অনুমোদন দিল রাজ্য সরকার। পশ্চিমবঙ্গ হেলথ রিক্রুটমেন্ট বোর্ড সূত্রে জানানো হয়েছে, রাজ্য স্বাস্থ্য দফতরে ৯,৩৩৩ জন নার্স, ৮৯৩ জন মেডিক্যাল টেকনোলজিস্ট ও ১,৫০০ মেডিক্যাল অফিসার নিয়োগ করা হবে। খুব শিগগিরই বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হবে।
রাজ্য নার্সিং শাখার এক শীর্ষকর্তা জানান, নার্সিংয়ের ক্ষেত্রে শূন্যপদের সংখ্যা অনেক বেশি হলেও প্রার্থী পেতে অসুবিধা হবে না। কারণ পশ্চিমবঙ্গের নার্সিং কোর্সের পাঠক্রম শেষ হয়ে গেছে। অন্যদিকে, ভিন রাজ্য থেকে নার্সিং কোর্স পাশের সংখ্যাও কম নয়। তাই আশা করা যায়, এই পদে শূন্যপদ পূরণে অসুবিধা হবে না। কিছুদিন আগে স্টাফ নার্স পদে ৮ হাজার প্রার্থী নেওয়ার জন্য হেলথ রিক্রুটমেন্ট বোর্ড বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নিয়েছিল। সেখানে ৬৩২ জন যোগ্য প্রার্থী পাওয়া গেছিল। ফলে ৭,৩৬৮টি শূন্যপদ এখনো ফাঁকাই পড়ে আছে। অন্যদিকে, মেডিক্যাল

☞ এরপর ৭ পাতায়

## নর্দার্ন কোলফিল্ডে ৪০২ সার্ভেয়র ও অপারেটর

### সার্ভেয়র

কোল ইন্ডিয়ার সহায়ক সংস্থা নর্দার্ন কোলফিল্ডস লিমিটেড 'মাইনিং সির্দার' ও 'সার্ভেয়র টি অ্যান্ড এস (মাইনিং)' পদে ৯৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :
মাইনিং সির্দার : মাধ্যমিক পাশরা ডি.জি.এম.এস. থেকে বৈধ মাইনিং সির্দারশিপ সার্টিফিকেট, বৈধ গ্যাস টেস্টিং

☞ এরপর ৮ পাতায়

### অপারেটর

নর্দার্ন কোলফিল্ডস লিমিটেড বিভিন্ন ট্রেডে অপারেটর হিসাবে ৩০৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :
ডাম্পার অপারেটর (ট্রেনি) : মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ৩ বছরের ট্রেনিং। তখন দৈনিক বেসিক পে ১০১১.২৭ টাকা।

☞ এরপর ৪ পাতায়

## রাজ্যের সরকারি আই.টি.আইয়ে ভরতি শুরু

পশ্চিমবঙ্গের ১২১টি সরকারি আই.টি.আই. /আই.টি.সি. /জুনিয়র পলিটেকনিক /পি.পি.পি. সরকারি আই.টি.আই.'তে কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিংয়ের (এন.সি.ভি.টি) অনুমোদিত ক্র্যাফটসম্যান ট্রেনিং স্কিমে প্রায় ৪৪টি ট্রেডের সার্টিফিকেট কোর্সে ভরতির ফর্ম দেওয়া শুরু হয়েছে। সেশন শুরু ১ আগস্ট। আই.টি.আই. গুলিতে ২ বিভাগের ট্রেড কোর্স পড়ানো হয় : M গ্রুপ ও E গ্রুপ। কারা কোন গ্রুপে ভরতির জন্য যোগ্য :
গ্রুপ-E : ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা এই গ্রুপের ট্রেডের জন্য আবেদন করতে পারেন। 'ই' গ্রুপে ভরতি হতে পারবেন এইসব ট্রেডে : কার্পেন্টার, ম্যাসন, শীট মেটাল ওয়ার্কার, ওয়েল্ডার, পেইন্টার জেনারেল, ওয়্যারম্যান, কাটিং অ্যান্ড সিউয়িং /সিউয়িং টেকনোলজি। পেইন্টার জেনারেল ও ওয়্যারম্যান ট্রেড ২ বছরের আর অন্যান্য ট্রেড হল ১ বছরের।

☞ এরপর ৪ পাতায়

১৬৪ পাতার
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
দাম মাত্র ৩০ টাকা
আমরা 'Common' প্রশ্নোত্তর দিই না। 'Uncommon'-এর মধ্যে কীভাবে 'Common' পাওয়া যায় তার পথ বাতলাই
প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর
হাতে-কলমে কোচিং
ঘরে বসে চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ প্রথম দেখিয়েছে সাফল্য। তবে এখন বদলেছে প্রশ্নও। নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কৌশল শেখাচ্ছেন বিশেষজ্ঞরা, যা একেবারে নির্ভরযোগ্য ও আস্থার।
এবার আরো বেশি পাতা
আরো সম্ভাব্য প্রশ্নোত্তর
বিনামূল্যে ৩২ পাতার রাজ্য পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর




মার্চ সংখ্যায় আছে
✓ রাজ্য পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য ৪ সেট প্রশ্নোত্তর
✓ এস.এস.সি'র জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকা.) পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ রেলের NTPC পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর
✓ কলকাতা পুরনিগমের সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জি. (ইলেক্ট্রি.) পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ এস.বি.আই.'র জুনিয়র অ্যাসোসিয়েটস পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
সংবাদপত্রের হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে
গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
©: (০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

**শর্ট মেথড বিশেষজ্ঞ**
MATH, GI, GK, ব্যাঙ্ক, WBCS, রেল, CGL, PSC, আগে ফ্রি ক্লাস, মাসে ফি, সোদপুর, সোনারপুর। HM Sir- 9007112434
SH (S)

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555.
LG

**SSC TET**
@ সোনারপুর, শিয়ালদহ, তমলুক, পাঁশকুড়া। মাসিক ফী। নিশ্চিত সাফল্য। M: 9836051246.
R

**Mission TET & PT**
C.TET / SLST (History). C-TET qualify শিক্ষক-শিক্ষিকা দ্বারা New Syllabus অনুযায়ী ভর্তি চলছে। বেলঘরিয়া - 8017956795, 8777857469
D

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি**
'2 Years BSS প্র্যাক্টিক্যাল নার্সিং ট্রেনিং'-এ (Approved by BSS, Ministry of HRD, Govt. of India) সরাসরি ভর্তি চলছে। যোগ্যতা : মাধ্যমিক / উঃ মাধ্যমিক। ট্রেনিং-এর শেষে চাকরি। Hospital Practice ও Installment-এ ফিস্ দেওয়ার সুযোগ। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ : 9732937726, 9732684328. Web: www.nursingtrainingkolkata.com
SH

**বিশেষ বিজ্ঞপ্তি**
'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, কর্মসংস্থান।

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math, G.I, GK বেলঘরিয়া**
PSC (ক্লার্ক), রেল (Gr.D/SM), ব্যাঙ্ক (ক্লার্ক/PO), WBCS, CGL, 700PM. চন্দ্র স্যার-9903500682
R

**মাধ্যমিক/H.S পাশ করুন**
N.I.O.S এবং অন্যান্য স্বীকৃত বোর্ড থেকে। D.EL.ED (2019-21) ব্যাক Year করার শেষ সুযোগ। Final Exam. Nov. 2020. FUTURE ACADEMY, CITY CENTRE, DURGAPUR. Mobile No.: 9476470958.
B

ADMISSION GOING ON নার্সিং, Pharmacy, LLB, BA, MA, B.Sc, M.Sc, B.Com, M.Com, BSW, BBA, MBA, BCA, MCA, Engineering, 9674041585, 9732733410.
M

GNM BSC-নার্সিং, D.El. Ed B.Ed, M.Ed, B.P.Ed M.P.Ed LLB, ENGG, Ph.D, ফার্মেসী এছাড়া যেকোনো কোর্স ডিস্টেন্স/রেগুলারে হয়। BIHM- বোলপুর-7001731491/9474833208
UM

**MAINS-এর প্রস্তুতি**
TET, ICDS, ক্লার্কশিপ, Misc, WBCS. 90%-এর বেশি ছাত্রছাত্রী সফল। বারাসাত-9874611300
R

**WBCS-21 Admission**
Regular/Weekend ব্যাচগুলি শুরু হচ্ছে। হাতে ধরে শেখানো হয়। ICE বালিগঞ্জ- 9804412898
R

**নার্সিং ও প্যারামেডিক্যাল**
GNM INC (1,60,000), Anm Lab, OT, Dialoysis, X-Ray (30,000), B pharm and B.Sc (3,50,000). কলকাতা & হাওড়ার ক্লাস। MNCC - 8336015296
SH

**Math & Eng সোনারপুর**
WBCS, SSC, ক্লার্ক, Gr-D Rail, ব্যাঙ্ক, প্রাইমারী (Spl.), পুলিশ, SI সেকেন্ডে কৌশল - 9836078507
SH

**সার্ভে ট্রেনিং (আমিন প্রশিক্ষণ)**
পরিচালনায় - দৌলতাবাদ শ্রী রামচন্দ্র সার্ভে ট্রেনিং সোসাইটি (গভঃ রেজিঃ)। Ph. : 9836296965. ২৪ তম শিক্ষাবর্ষে এপ্রিল-মার্চ সেশনে সপ্তাহে ১ দিন শনি/ রবি ভর্তি চলিতেছে। প্রশিক্ষণ কেন্দ্র - মুকুলিকা স্কুল, ফতেপুর, ডায়মন্ড হারবার রোড, দঃ ২৪ পরগনা। হ্যাপি হোম স্কুল, ফুলেশ্বর, হাওড়া। নো হাউ, চন্দনপুর, হুগলী। অরবিন্দ শিক্ষা কেন্দ্র, সুতাহাটা, পূর্ব মেদিনীপুর। রামকৃষ্ণ মিলন মন্দির, রাধামোহনপুর, পঃ মেদিনীপুর। শিশুসাথী বিদ্যা নিকেতন, কোট, মোল্লারপুর, বীরভূম।
SH

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

**CIMST**
**প্যারামেডিক্যাল কোর্সেস**
Approved by BSS, Govt. of India, DMLT (প্যাথো), অপ্টোমেট্রি, ফিজিওথেরাপী, ECG, Dialysis, X-Ray, Dental, OT, অ্যালোপ্যাথি (CMS & ED), আয়ুর্বেদ (DAMS), হোমিও (DHMS) কোর্সে ভর্তি। যোগ্যতা: MP/HS. Campus: 126B, Raja Rammohan Sarani, Kol-9, (শিয়ালদা পূরবী সিনেমার নিকট) Mobile No- 9331062421.www.cimst.org.in
D

**SLST + TET**
নতুন নিয়মে Life Science (Bio-Science) Math, Education, Geography, Work Education এবং All TET পড়ানো হয়। Mock Test এর ব্যবস্থা আছে। দক্ষিণ বারাসাত- 9836630228, দমদম- 8910674192
D

**100 টাকায়**
PSC, CLERK, SI, RAIL কোচিং হয়। দুপুরে খাবার ও যাতায়াত ফ্রি। LPA - Mob : 7003966500
SH

**নার্সিং ও প্যারামেডিক্যাল**
নতুন সেশনের ফর্ম দেওয়া হচ্ছে। নার্সিং (ANM/DHN), E.C.G., DMLT (প্যাথোঃ), DPT (ফিজিওথেরাপি) ভর্তি চলছে। শিক্ষান্তে কাজের সুযোগ। MRIT, শ্রীরামপুর 9231839309.
R

LL.B (3Yrs.), যে কোনো বয়সে। গ্রাজুয়েট/মাস্টার ডিগ্রি 45% নম্বর, SC/ST-40%.LL.B (5Yrs.) পাশ 100%, 'ল' পয়েন্ট-9836922534
S

## কর্মখালি

**জাহাজে চাকরি**
পশ্চিমবাংলার বেকার M/F-দের যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন স্থানে নিয়োগ করা হচ্ছে। বেতন- 21500-52000. থাকা, খাওয়া এছাড়াও PF, ESI, সুবিধা আছে। M: 8391082632
SA(A)

**দোহাই, আর ঠকবেন না**
বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ফ্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক, কর্মসংস্থান।

## স্কুল-কলেজ-শিক্ষা

**Flylink Hotel School**
৫ মাসের কোর্স এবং ৬ মাসের হোটেল ট্রেনিং শেষ করে দেশ ও বিদেশে চাকরি গ্যারান্টি। প্রত্যেক ব্যাচে প্রথম ৪জন ছাত্রছাত্রীকে বিদেশে ফ্রি প্লেসমেন্ট। ভর্তি ও নতুন ব্যাচ প্রত্যেক মাসে। 033-40611693, 8420227546 /67. login: www.fshm.co.in
D

**শারীরশিক্ষা**
গত SSC তে ৮২ জন সফল TET + P.Ed এ নিশ্চিত সাফল্য পেতে যোগাযোগ করুন পঃ মেঃ সুব্রত ঘোষ- 9733744601
SA

উচ্চমাধ্যমিকের পরে ১০০% জব গ্যারান্টি কোর্স ADCHM. (Accri. From NHRC, MSME, MCI, Govt. of India & Govt. of W.B). CCTI - 9903203394.
S

MORE THAN 100 RESEARCH SCHOLARS
MANY HAVE BEEN AWARDED
ADMISSION NOTICE
**Ph.D.**
- Humanities
- Science
- Engineering
- Management
- Nursing
- Pharmacy
- Law
- Performing Arts (Music/Dance)
- Library Science

VISION INSTITUTE OF PROFESSIONAL STUDIES
Kol : 7603004971 / 7603004973
www.visionsgroup.in

## কেন্দ্রীয় সংস্থায় ১০১ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**ইলেক্ট্রিক্যাল** : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**কম্পিউটার সায়েন্স** : কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**কেমিক্যাল** : কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**কেমিস্ট্রির বি.এসসি.** : কেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫)। চাকরি হবে নুমালিগড়ে।

**এলএল.বি** : আইনের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে গুয়াহাটিতে।

**এলএল.বি** : আইনের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**হোটেল ম্যানেজমেন্ট** : হোটেল ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে গুয়াহাটিতে।

**হোটেল ম্যানেজমেন্ট** : হোটেল ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**আই.টি.আই. - ওয়েল্ডার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ওয়েল্ডিং ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**আই.টি.আই. - ফিটার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**আই.টি.আই. - মেশিনিস্ট / টার্নার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে মেশিনিস্ট / টার্নার ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**আই.টি.আই. - ডিজেল মেকানিক** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ডিজেল মেকানিক ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**আই.টি.আই. - প্লাম্বার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে প্লাম্বার ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**অ্যাকাউন্ট্যান্সি (বি.কম.)** : অ্যাকাউন্ট্যান্সি বিষয় নিয়ে কমার্স শাখার গ্রাজুয়েটরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ: ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে নুমালিগড়ে।

**অ্যাকাউন্ট্যান্সি (বি.কম.)** : অ্যাকাউন্ট্যান্সি বিষয় নিয়ে কমার্স শাখার গ্রাজুয়েটরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে গুয়াহাটিতে।

**বি.এ. / এম.এ. (ম্যাস কমিউনিকেশন)** : ম্যাস কমিউনিকেশন বিষয় নিয়ে বি.এ./এম.এ. কোর্স পাশরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে গুয়াহাটিতে।

**এম.বি.এ. (মার্কেটিং)** : মার্কেটিং ম্যানেজমেন্ট স্পেশালাইজেশন হিসাবে নিয়ে এম.বি.এ. কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। চাকরি হবে গুয়াহাটিতে।

**ফায়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা** : ফায়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে নুমালিগড়ে।

ওপরের সব ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার বেলায় তপশিলীদের নম্বরের কোনো কড়াকড়ি নেই। বয়স হতে হবে ন্যূনতম ১৮ বছর। উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড পোস্ট গ্রাজুয়েট / গ্রাজুয়েট / ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের বেলায় মাসে ১৭,০০০ টাকা আর ক্যান্টিন ভাতা মাসে ১,৪১৫ টাকা আর আই.টি.আই. পাশদের বেলায় স্টাইপেন্ড মাসে ১২,২০০ টাকা ও ক্যান্টিন ভাতা ১,৪১৫ টাকা।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর মেধা তালিকা তৈরি হবে। এই পদের রেফারেন্স নং : PERS:APRN:NMGT:STF:CON, 24 February, 2020.

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.apprenticeship.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, অ্যাপ্রেন্টিস রেজিস্ট্রেশন সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, অ্যাড্রেস প্রুফ ইত্যাদি স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

**ফর্ম — IV**
(রুল ৮'এর ধারা অনুসারে)
বাংলা সাপ্তাহিক সংবাদপত্র 'কর্মসংস্থান'এর মালিকানা ও অন্যান্য তথ্যাদি বিষয়ক বিবৃতি

| | | |
|---|---|---|
| ১। প্রকাশ-স্থান | : | কলকাতা |
| ২। প্রকাশনার পর্যায়বৃত্তি | : | সাপ্তাহিক |
| ৩। মুদ্রকের নাম | : | মৌসুমী ঘোষ |
| নাগরিকত্ব | : | ভারতীয় |
| ভারতীয় নাগরিক কিনা | : | হ্যাঁ |
| বিদেশী হলে মাতৃভূমির নাম | : | প্রযোজ্য নয় |
| ঠিকানা | : | বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা কলকাতা - ১৪৪ |
| ৪। প্রকাশকের নাম | : | মৌসুমী ঘোষ |
| নাগরিকত্ব | : | ভারতীয় |
| ভারতীয় নাগরিক কিনা | : | হ্যাঁ |
| বিদেশী হলে মাতৃভূমির নাম | : | প্রযোজ্য নয় |
| ঠিকানা | : | বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা কলকাতা - ১৪৪ |
| ৫। সম্পাদকের নাম | : | শমীকস্বপন ঘোষ |
| নাগরিকত্ব | : | ভারতীয় |
| ভারতীয় নাগরিক কিনা | : | হ্যাঁ |
| বিদেশী হলে মাতৃভূমির নাম | : | প্রযোজ্য নয় |
| ঠিকানা | : | বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা কলকাতা - ১৪৪ |
| ৬। উক্ত সংবাদপত্রের মালিক ও অংশীদার অথবা শেয়ারহোল্ডার যাঁদের মোট মূলধনের এক শতাংশের বেশি শেয়ার রয়েছে, তাঁদের নাম, ঠিকানা | : | সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড ১২/৩/৪ জামির লেন কলকাতা - ৭০০ ০১৯ |

২৯.০২.২০২০ পর্যন্ত এই সংবাদপত্রের মালিক ও অংশীদার বা মোট মূলধনের এক শতাংশেরও বেশি শেয়ারের অধিকারীদের নাম ও ঠিকানা:
(১) মৌসুমী ঘোষ, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯,
(২) শীর্ষতনয় ঘোষ, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯.
(৩) অভিষেক বসু, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯.
আমি, শ্রীমতী মৌসুমী ঘোষ এতদ্বারা ঘোষণা করছি যে উপরোক্ত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

মৌসুমী ঘোষ
তারিখ : ১ মার্চ, ২০২০
প্রকাশকের স্বাক্ষর

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA

# 2020 সেশনে নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসি ও আয়ুর্বেদ কোর্সে সরাসরি ভর্তি

## GNM
Eligibility : (10+2) Any Group 40%
Duration : 3 Years

## B.Sc Nursing
Eligibility : (10+2) PCB (45%)
Duration : 4 Years



কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ, তেলেঙ্গানা, পশ্চিমবঙ্গ (Only GNM)

কলেজগুলি INC, RGUHS & State Govt. Council স্বীকৃত ● ছেলে ও মেয়ে উভয়েই যোগ্য। বয়স : 17 থেকে 35

কোনো সার্ভিস চার্জ ছাড়াই সরাসরি কর্ণাটক / হায়দ্রাবাদ / অন্ধ্রপ্রদেশ এর Renouned Medical College ও Reputed Hospital College গুলিতে সব থেকে বেশি ছাত্রছাত্রী ভর্তি করার রেকর্ড পশ্চিমবঙ্গ থেকে শুধুমাত্র আমাদেরই

পশ্চিমবঙ্গের সরকারি ও বেসরকারি হাসপাতালগুলিতে স্টাফ নার্সের চাহিদা অত্যাধিক, অথচ সেই পরিমাণ নার্সিং কলেজের সুবিধা না থাকায় বহু ছাত্রছাত্রী পশ্চিমবঙ্গের বাইরে পড়াশোনা করছে, কিন্তু সঠিক নিয়ম মেনে সঠিক কলেজ থেকে পড়াশোনা না করায় চাকরি ক্ষেত্রে বা পশ্চিমবঙ্গের রেজিস্ট্রেশন পেতে বহু ছাত্রছাত্রী অসুবিধায় পড়ছে। তাই একমাত্র যে কলেজগুলিতে বছরে ন্যূনতম ৩ মাসের ওপর Practical Training দেয়, সেই কলেজগুলিতেই ভর্তির সিদ্ধান্ত নিন। এক্ষেত্রে মেডিকেল কলেজ সহিত হাসপাতাল যুক্ত কলেজই একমাত্র বিকল্প।

আমাদের Business Partner হতে ইচ্ছুক ব্যক্তিরা সরাসরি যোগাযোগ করুন **9051519293**
আমাদের USP হল Trust ও Transparency, লোক ঠকানো নয়

## ছাত্রছাত্রী ও অভিভাবকদের উদ্দেশ্যে

- শিক্ষার্থীর ভবিষ্যত নিয়ে আপোস করবেন না। অত্যাধিক ডিসকাউন্ট, স্কলারশিপ অথবা কোনো গিফ্ট পাওয়ার লোভে বেনামি কলেজে ভর্তি হবেন না।
- ভর্তি হওয়ার আগে কলেজ সম্পর্কে নিশ্চিত হন। এক কলেজের নাম নিয়ে অন্য কলেজে ভর্তি করিয়ে দেওয়ার প্রবৃত্তির ফাঁদে পা দেবেন না।
- ভর্তির আগে INC / PCI / GOK মান্যতাপ্রাপ্ত আছে কিনা অবশ্যই দেখে নেবেন।
- মেডিক্যাল কলেজ ও নিজস্ব হসপিটাল যুক্ত কলেজ থেকে পড়াশোনা করলেই পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে সরকারি ও বেসরকারি চাকরির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। নতুবা প্রচুর competition এর যুগে চাকরি পাওয়া দুঃসাধ্য।
- আমরা Exclusive Authorized Advisor হিসাবে একাধিক মেডিক্যাল কলেজ ও নিজস্ব হসপিটাল যুক্ত কলেজের সাথে যুক্ত।

## প্যারামেডিক্যাল

**Diploma Courses** DMLT, DXT, DOTT, DOT, DMRT, DHI, DDT

Eligibility : 12th Science (PCB)- 2 yrs.
12th Arts / Commerce - 3 yrs.
(except DOT)

**B.Sc. Degree Course**
Perfusion Technology, Respiratory, Dialysis, Radiology & Imaging Technology Opthalmology, Cardiac Care, Aneasthesia etc.
Eligibility : 12th Science (PCB)- 3 yrs. + 6 months Internship

## ফার্মাসি

**B.Pharm**
- (10 + 2) PCB with 45%
- WBJEE তে Appeared Candidate only

**D.Pharma**
- (10 + 2) PCB with 40%
- No Age Bar

**M.Pharm**

**Pharma.D**

## আয়ুর্বেদ / YOGA / Unnani / Naturapathy

**BAMS** (10 + 2) with Science & NEET qualified
Duration : 5½ yrs. including Internship

**BNYS** (10 + 2) Science with 45%

**BPT** (10 + 2) Science with 50% minimum

**Courses Also Offered:** MHA Engineering MBA / BBA MCA / BCA LLB / LLM Hotel / Hospitality Mgmt.

INNOVATIVE CAREER FOUNDATION

# INNOVATIVE CAREER FOUNDATION
(WELL-WISHER TOWARDS CAREER EVOLUTION)

HO: 1 No. Ganesh Chandra Avenue, 4th Floor, Bentinck Street Crossing, Kolkata - 13
E-mail : info@innovativecareer.in / Website : www.innovativecareer.in

Head Office Contact:
033-46042059
9051519293

| Admission Offices | উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা | হাওড়া | বীরভূম | বর্ধমান দুর্গাপুর | আঁটপুর (হুগলী) | ব্যান্ডেল (হুগলী) | তমলুক | মালদা | রায়গঞ্জ | নদিয়া | বাঁকুড়া | পুঞ্চা (পুরুলিয়া) | পশ্চিম মেদিনীপুর | কাঁথি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 7980369219 | 9038273924 | 9775115655 | 9831313288 | 7001964693 | 7605088679 | 8388876629 | 7384593111 | 9531730855 | 7605088678 | 9831313288 | 6294067414 | 9775888163 | 9800245711 |

## কর্মখালি [redacted]

সঠিক ইন্টারভিউ এর ভিত্তিতে 163 বছরের পুরনো নামি কোম্পানিতে 25-65 বছরের M/F ও অবসরপ্রাপ্ত কর্মীদের বারাসাত ও বহরমপুর অফিসে ম্যানেজার সহ বিভিন্ন পদে নিয়োগ করা হবে। HS + (10,000-25000). M: 9432079742

SA

Durgapur Hostel এ Cook, House keeping চাই। থাকা খাওয়া, মাইনে 5000/- থেকে 8000/-. Cont- 7699966999.

B

Govt. স্বীকৃত অফিসে (মাধ্যমিক-স্নাতক, অনূর্ধ্ব 30) 120 জন M/F চাই। আয় : 10K-25K. সল্টলেক-বিধাননগর, 8697565808

SG

সরাসরি 215 জন কর্মী নিয়োগ। Pvt ব্যাঙ্ক ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে M/F ৮ম - স্নাতক চাই। M -7407215583.

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900)। থাকা-খাওয়ার সুবিধা। M-9830597944

SA

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন- 12500/- -18500/-. থাকা খাওয়ার সুবিধা। 8436485750.

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

পঃবঃ 27 টি জেলায় লিখিত Agreement এ সই করে নার্সিং হোম ও প্রাইভেট হাসপাতালে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,700/- -17,500/-. Mobile - 7719152618.

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

3 Star এবং 5 Star হোটেল ও রিসর্টে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। P.F, ESI সহ থাকা খাওয়ার সুবিধা আছে। বেতন: 12792/- 16792/-. M-8609637802.

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (12500 – 18500)। M - 8348727948.

SA

### জাহাজে ও ডকে নিয়োগ

চলিতেছে যোগ্যতার ওপর পদ (বেতন- 21500-53500) থাকা-খাওয়া কোম্পানির। 5 মাস Duty, 1 মাস বেতন সহ। M: 7586022289

SA

### দেখে বুঝে পা ফেলুন

চাকরির লোভে অযথা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নয়।
— সম্পাদক, 'কর্মসংস্থান'

## কর্মখালি [redacted]

### ৫ জন টেলি কলার চাই

কামাল হোসেনের কলেজ স্ট্রিটের ইনস্টিটিউটে ৯.৩০ থেকে ৬টা পর্যন্ত ছাত্র-ছাত্রীদের সঙ্গে ফোনে কথা বলার জন্য কথাবার্তায় পটু, স্মার্ট মাধ্যমিক উত্তীর্ণা মহিলারা ফটো ও বায়োডাটা-সহ আসুন ৬, ৭ মার্চ, ২০২০ ঠিক ১২-১টার মধ্যে। প্রত্যহ ২৫০/-। কামাল হোসেন কোচিং, কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

RC

## কর্মখালি [redacted]

### কোচিং-এর ম্যানেজার চাই

কামাল হোসেনের কলেজ স্ট্রিটের ইনস্টিটিউটে ৯.৩০ থেকে ৬টা পর্যন্ত চাকরির পরীক্ষার ছাত্র-ছাত্রীদের ক্লাসে নজরদারি ও পরিচালনা করার জন্য গ্র্যাজুয়েট অত্যধিক স্মার্ট ও গাম্ভীর্যপূর্ণ ৩০ ঊর্ধ্ব পুরুষ/মহিলা ফটো ও বায়োডাটা-সহ আসুন ৬, ৭ মার্চ, '২০ ঠিক ২-৪ টার মধ্যে। প্রত্যহ ২৫০/-। কামাল হোসেন কোচিং, কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

RC

## পশ্চিমবঙ্গের ১৯টি জেলায় ৭২২৮টি শূন্য পদে কর্মী নেওয়া হবে

এইট পাশ থেকে স্নাতক পর্যন্ত

বিশেষ প্রতিনিধি : Human Industrial (opc) Pvt. Ltd. Ministry of Corporate affair (Govt. of India) নিবেদন করছেন জীবন বাঁচান পরিবার ওয়েলফেয়ার সোসাইটি, এটি একটি (N.G.O.) সংস্থা। Human Industrial (opc) Pvt. Ltd.-এ ৭২২৮টি শূন্য পদ খালি। এইট পাশ থেকে স্নাতক পর্যন্ত ছেলেমেয়েরা আবেদন করতে পারে। তাদের বয়স হতে হবে ০১/০১/১৯৮০ থেকে ০১/০১/২০২০ হিসাবে ১৮ বছর থেকে ৪০ বছর পর্যন্ত। আবেদনকারীরা এই পদগুলিতে আবেদন করতে পারে — 1. District Managing Operator, 2. Block Managing Operator, 3. Panchayat Selling Operator.

এইসব ১৯টি জেলার ছেলেমেয়েরা আবেদন করবে — (১) পুরুলিয়া, (২) মালদা, (৩) জলপাইগুড়ি, (৪) হুগলী, (৫) দক্ষিণ দিনাজপুর, (৬) কোচবিহার, (৭) পূর্ব বর্ধমান, (৮) বাঁকুড়া, (৯) মুর্শিদাবাদ, (১০) নদিয়া, (১১) উত্তর ২৪ পরগনা, (১২) পশ্চিম মেদিনীপুর, (১৩) পূর্ব মেদিনীপুর, (১৪) দক্ষিণ ২৪ পরগনা, (১৫) উত্তর দিনাজপুর, (১৬) পশ্চিম বর্ধমান, (১৭) ঝাড়গ্রাম, (১৮) আলিপুরদুয়ার, (১৯) বীরভূম District Managing Oprator (মোট ৭০টি খালি পদ), Block Managing Operator (মোট ৬৮০টি খালি পদ), Panchayat Selling Operator (মোট ৬৪৭৮টি খালি পদ)।

যে সমস্ত প্রার্থীরা অনলাইনে আবেদন করবে সেই সমস্ত প্রার্থীকে সরাসরি Interview-এ ডাকা হবে। SMS বা পোস্ট চিঠির মাধ্যমে। আবেদন করার website হল www.hiplopc.in আবেদন শুরু হবে মার্চ মাসের ৪ তারিখ থেকে এপ্রিল মাসের ৪ তারিখ পর্যন্ত। Registration ফি ও বেতন কাঠামো website এর Guidelines-এ দেওয়া হয়েছে। সমস্ত আবেদনকারীকে ২ থেকে ৩ মাসের মধ্যে Interview-এ ডাকা হবে।

— বিজ্ঞাপন




## অপারেটর

১ পাতার পর

শূন্যপদ : ১৬৭টি (জেনাঃ ৬১, ইডব্লুএস. ১৫, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ৪৫, ও.বি.সি. ২৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২৫।

শোভেল অপারেটর (ট্রেনি) : মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে যোগ্য। শুরুতে ৩ বছরের ট্রেনিং। তখন দৈনিক বেসিক পে ১০১১.২৭ টাকা। শূন্যপদ : ২৮টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৪।

পে লোডার অপারেটর (ট্রেনি) : মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ৩ বছরের ট্রেনিং। তখন দৈনিক বেসিক পে ১০১১.২৭ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ৩)।

ক্রেন অপারেটর (ট্রেনি) : মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ৩ বছরের ট্রেনিং। তখন দৈনিক বেসিক পে ১০১১.২৭ টাকা। শূন্যপদ : ২১টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩।

ড্রিল অপারেটর (ট্রেনি) : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। শুরুতে ৩ বছরের ট্রেনিং। তখন দৈনিক বেসিক পে ১০১১.২৭ টাকা। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩।

ডোজার অপারেটর (ট্রেনি) : মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর ট্রাক্টর চালানোয় দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ৩ বছরের ট্রেনিং। তখন দৈনিক বেসিক পে ১০১১.২৭ টাকা। শূন্যপদ : ৪৮টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২৭, ও.বি.সি. ৬)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৭।

গ্রেডার অপারেটর (ট্রেনি) : মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর ট্রাক্টর চালানোয় দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ৩ বছরের ট্রেনিং। তখন দৈনিক বেসিক পে ১০১১.২৭ টাকা। শূন্যপদ : ১১টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

ড্রাগলাইন অপারেটর (ট্রেনি) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ডিজেল মেকানিক, মোটর মেকানিক, ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ৩ বছরের ট্রেনিং। তখন দৈনিক বেসিক পে ১০৬৫.৫৫ টাকা। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩০-৩-২০২০'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ওপরের সব ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার বেলায় মাধ্যমিকে ন্যূনতম ৫৫% (তপশিলী হলে ৪৫%, ও.বি.সি. হলে ৫০%) নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে মধ্যপ্রদেশের ভোপাল ও বারাণসীতে। ১০০ নম্বরের ৯০ মিনিটের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : অ্যাপ্টিটিউড, ট্রাফিক নিয়ম, রোড সেফটি, ফার্স্ট এইড, বেসিক নলেজ অফ মেন্টেন্যান্স মোটর ভেহিক্যাল, জেনারেল ইন্টেলিজেন্স, মেন্টাল এবিলিটি। এছাড়াও ড্রাগলাইন অপারেটর ট্রেনি পদের বেলায় ৫০ নম্বরের ৬০ মিনিটের পরীক্ষায় আই.টি.আই. সংক্রান্ত প্রশ্ন হবে। ড্রাগলাইন অপারেটর পদের বেলায় ১৫০ নম্বরের পরীক্ষায় পাওয়া স্কোর দেখে মেরিট লিস্ট তৈরি হবে। আর অন্যান্য পদের বেলায় ১০০ নম্বরের মধ্যে পাওয়া নম্বর দেখে মেরিট লিস্ট তৈরি হবে। কাট অফ নম্বর থাকবে ড্রাগলাইন অপারেটর পদের বেলায় জেনারেলদের ক্ষেত্রে ৭৫ (তপশিলী, ও.বি.সি. হলে ৬০) নম্বর আর অন্যান্য পদের বেলায় ৫০ (তপশিলী, ও.বি.সি. হলে ৪০) নম্বর। এই পদের বিজ্ঞপ্তি নং : Reference:NCL/HQ/PD/Manpower/DR/2019-20/187, Date: 22/02/2020. দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nclcil.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে. এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## রাজ্যের সরকারি আই.টি.আইয়ে

১ পাতার পর

গ্রুপ-M : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মাধ্যমিকে অঙ্ক ও বিজ্ঞান বিষয় না থাকলে ইঞ্জিনিয়ারিং ট্রেডের জন্য যোগ্য নন। 'এম' গ্রুপে ভরতি হতে পারবেন এইসব ট্রেডে —

১ বছরের ট্রেডগুলি হল : মেকানিক (ডিজেল), ফাউন্ড্রিম্যান/ফাউন্ড্রিম্যান টেকনিশিয়ান, প্লাস্টিক প্রসেসিং অপারেটর, প্লাম্বার, মেকানিক মোটর সাইকেল, সার্ভেয়র, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক মেন্টেন্যান্স, মেকানিক অটো বডি রিপেয়ার, ওয়েল্ডার পাইপ, বেকার অ্যান্ড কনফেকশনার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ক্রাফটসম্যান ফুড প্রোডাকশন (জেনারেল) /ফুড প্রোডাকশন (জেনারেল), ডেস্ক টপ পাব্লিশিং অপারেটর, ড্রেস মেকিং, ফ্যাশন টেকনোলজি /ফ্যাশন ডিজাইন টেকনোলজি, হেয়ার অ্যান্ড স্কিন কেয়ার /বেসিক কসমেটোলজি, হেলথ স্যানিটারি ইন্সপেক্টর, হর্টিকালচার, প্রিজার্ভেশন অফ ফ্রুটস অ্যান্ড ভেজিটেবিলস /ক্রাফটসম্যান ফ্রুট অ্যান্ড ভেজিটেবিল প্রসেসিং, সেক্রেটারিয়েল প্র্যাক্টিস (ইংলিশ), স্টুয়ার্ড /ফুড অ্যান্ড বেভারেজ গেস্ট সার্ভিস অ্যাসিস্ট্যান্ট, কম্পিউটার অ্যাডেড এমব্রয়ডারি অ্যান্ড ডিজাইনিং, ফ্রন্ট অফিস অ্যাসিস্ট্যান্ট ও ফুড বেভারেজ।

২ বছরের ট্রেডগুলি হল : টার্নার, ফিটার, ইলেক্ট্রিশিয়ান, অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট), ড্রাফটসম্যান (সিভিল), ড্রাফটসম্যান (মেকানিক্যাল), ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), আই.টি.ই.এস.এম. / আই.সি.টি.এস.এম, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট), মেশিনিস্ট, মেশিনিস্ট গ্রাইন্ডার, মেন্টেন্যান্স মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), মেকানিক কম্পিউটার হার্ডওয়্যার, মেকানিক মোটর ভেহিক্যাল, মেকানিক আর.এ.সি., টুল অ্যান্ড ডাই মেকার (ডাইস অ্যান্ড মোল্ড), টুল অ্যান্ড ডাই মেকার (প্রেস টুলস, জিগস অ্যান্ড ফিক্সার), ইনফর্মেশন টেকনোলজি।

সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-৮-২০২০'র হিসাবে ন্যূনতম ১৪ বা, তার বেশি। ঊর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। যে কোনো বয়সের প্রার্থীরাই যোগ্য। নির্দিষ্ট কয়েকটি ট্রেডে মহিলা প্রার্থী না পাওয়া গেলে ছেলেরা ওই চারটি মহিলা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইন্সটিটিউটে ভরতির জন্য আবেদন করতে পারবেন।

তপশিলী জাতির প্রার্থীদের জন্য ২২%, তপশিলী উপজাতি প্রার্থীদের জন্য ৬%, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩% ও মহিলাদের জন্য সাধারণ আই.টি.আই. /আই.টি.সি.'তে ১০% সীট সংরক্ষিত। টিউশন ফী প্রথম ৬ মাস মাসে ৩০ টাকা করে। ভরতি ফী ১০০ টাকা। রেজিস্ট্রেশন ফী ৩০ টাকা (কন্যাশ্রী প্রার্থীদের জন্য ১৫ টাকা)। কশ্যান মানি ১০০ টাকা। ভেরিফিকেশন চার্জ ১০০ টাকা।

প্রার্থী বাছাই পদ্ধতি : দুই গ্রুপের বেলায়ই প্রার্থী বাছাই করবে 'ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট'।

'M' গ্রুপের বেলায় প্রার্থী বাছাই হবে মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। শুধুমাত্র মাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। মেধা তালিকায় র‍্যাঙ্ক অনুযায়ী পছন্দ মতো প্রতিষ্ঠানে ভরতি হতে পারবেন ও ট্রেড বেছে নিতে পারবেন।

'E' গ্রুপের বেলায় প্রার্থী বাছাই হবে 'কমন এন্ট্রান্স টেস্ট'এর মাধ্যমে। পরীক্ষা হবে জুন মাস নাগাদ, বেলা ১২টায়। সময় থাকবে ২ ঘন্টা। লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : অঙ্ক, ইংরিজি, সায়েন্স, জেনারেল স্টাডিজ। প্রশ্ন হবে ক্লাস এইট পাশ মানের। লিখিত পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন, এই ওয়েবসাইটে www.webscte.org চূড়ান্ত মেধা তালিকা আপলোড করা হবে জুলাইয়ে। অনলাইন কাউন্সেলিং হবে জুলাইয়ে।

দরখাস্ত করতে পারবেন অনলাইনে, ৪ মার্চ থেকে ১৬ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbscvt.net এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে অনলাইনে অ্যাপ্লিকেশন ফর্মে ক্লিক করে যাবতীয় তথ্য সঠিকভাবে দিন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করে 'Save & Proceed'এ ক্লিক করলে দরখাস্ত সাবমিট হয়ে যাবে। এরপর পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। কোন কোন প্রতিষ্ঠানে কী কী ট্রেড আছে তা ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## কলকাতা হাই কোর্টে ড্রাইভার

কলকাতা হাইকোর্টে ড্রাইভার পদে ৪ জন লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ১৮ মার্চ। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.calcuttahighcourt.gov.in

## পুলিশে সফটওয়্যার কর্মী

পশ্চিমবঙ্গ পুলিশের ওয়েস্টার্ণ জোন সফটওয়্যার সাপোর্ট পার্সোনেল পদে চুক্তিতে লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ৩১ মার্চ। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in, www.banglarmukh.gov.in

## পি.এস.সি.'র ইন্টারভিউ

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং 29[1(XXIII)/2019]'এর জেনারেল ডিগ্রি কলেজের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (সাঁওতালি) পদের ইন্টারভিউ হবে ১৬ মার্চ। কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.pscwb.gov.in

■

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ৪(৫)/২০১৭'এর অ্যাসিস্ট্যান্ট মাস্টার / মিসট্রেস পদের ইন্টারভিউ হবে ১১, ১২, ১৩ ও ১৬ মার্চ। কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.pscwb.gov.in

## বসিরহাট পুরসভার পরীক্ষা

বসিরহাট পুরসভার বিজ্ঞপ্তি নং ২৫৮০'এর বিভিন্ন পদের লিখিত পরীক্ষা হবে ৮ ও ১৫ মার্চ। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.basirhatmunicipality.in

## রাজ্য পুলিশ কনস্টেবল ইন্টারভিউ-র প্রস্তুতি আইফাতে

ইন্ডিয়ান ফোর্স অ্যাকাডেমির কর্ণধার ও অভিজ্ঞ শিক্ষক আহমেদ আলি খান স্যার জানিয়েছেন, ২০১৯-এ এই সংস্থা থেকে রাজ্য পুলিশ কনস্টেবলে প্রচুর ছাত্র সাফল্য অর্জন করেছে। তাই এই বছর যেসব প্রার্থী রাজ্য পুলিশের মেইন পরীক্ষায় উত্তীর্ণ হবেন তাদের স্বল্প খরচে ইন্টারভিউর প্রস্তুতি দেওয়া হবে। এছাড়াও যেসব কোর্সে ভর্তি চলছে : রাজ্য পুলিশ, এক্সাইজ কনস্টেবল (পুরুষ / মহিলা), আসন্ন আর্মির কলকাতা, বহরমপুর, শিলিগুড়ি ও ব্যারাকপুর ARO-র র‍্যালির মাঠ ও লিখিত পরীক্ষা, এয়ারফোর্স (X ও Y), নেভি (SSR / AA / MR), কোস্ট গার্ড। পরবর্তী ব্যাচ ১০, ১৬ ও ২০ মার্চ '২০২০। সুযোগ সুবিধা : (১) ট্রেড অনুযায়ী বিষয়ভিত্তিক পৃথক ক্লাসের ব্যবস্থা। (২) প্রতিদিন দুটি করে সপ্তাহে পাঁচদিন ক্লাস। (৩) ইংরেজি ও বাংলায় স্পেশাল নোটস্। (৪) সাপ্তাহিক ক্লাস টেস্ট। (৫) ট্রেনার দ্বারা মাঠের প্রশিক্ষণ। (৬) নিজস্ব হোস্টেলে বহিরাগতদের থাকা-খাওয়ার সুব্যবস্থা। (৭) অঙ্ক ও ইংরেজিতে দুর্বল প্রার্থীদের হাতে-কলমে যত্নসহকারে শেখানোর ব্যবস্থা। যোগাযোগ : হেড অফিস - দমদম এয়ারপোর্ট। ফোন- ৯৮৩৬৬৩৫৫৫৫ (৪৫৪, পি. কে. গুহ রোড, এয়ারপোর্ট গেট নং-১, কল-৭০০০২৮; হোটেল শ্রীকৃষ্ণ ইন্টারন্যাশনাল-এর নিকটে)। শিলিগুড়ি- ৭৮৯০০০৯৬৭২। রাজারহাট- ৯৮৩১২৩৪২৩৫। দমদম- ৯৯০৩২২৩২১৩।

## নিখরচায় আবাসিক প্লাস্টিক প্রযুক্তির ট্রেনিং

নিজস্ব প্রতিনিধি : 'সিপেট' রাজ্যের তপশিলী উপজাতি সম্প্রদায়ের বেকার ছেলেমেয়েদের নিখরচায় প্লাস্টিক প্রযুক্তি বিষয়ে ট্রেনিং দিচ্ছে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৩,০০,০০০ টাকার মধ্যে। ট্রেনিং স্পনসর করছে পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম। ট্রেনিং দেওয়া হবে এই ৪টি বিষয়ে : (১) মেশিন অপারেটর ইনজেকশন মোল্ডিং, সীট : ২০০ টি (২) মেশিন অপারেটর এক্সট্রুশন প্রসেসিং, সীট : ১০০ টি (৩) মেশিন অপারেটর : প্লাস্টিক প্রসেসিং, সীট : ১০০টি (৪) মেশিন অপারেটর ব্লো মোল্ডিং, সীট : ১০০টি। সব কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার ক্লাস এইট বা মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থী বাছাই করা হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। কোর্স অনুযায়ী ইন্টারভিউ হবে ১২, ১৩, ১৯ ও ২০ মার্চ সকাল ১০টা থেকে সিপেটে। আগ্রহীদের ওই সব দিন সরাসরি হাজির হতে হবে এই সব নথিপত্র নিয়ে — শিক্ষাগত যোগ্যতা, বয়স, পারিবারিক আয়, জাতিগত সার্টিফিকেট, আধার কার্ড ও পরিচয় পত্রের মূল ও প্রত্যয়িত কপি নিয়ে। সেই সঙ্গে লাগবে সদ্য তোলা ৫ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। হাজির হতে হবে এই ঠিকানায় : সিপেট, সিটি সেন্টার, পো : দেবং, হলদিয়া, জেলা পূর্ব মেদিনীপুর, পিন-৭২১৬৫৭। ফোন : ০৩২২৪-২৫৫৫৩৪।

## ৮৯ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

কোন ট্রেডের জন্য যোগ্য :

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** কেমিক্যাল, কম্পিউটার, সিভিল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম, মেকানিক্যাল, প্রোডাকশন বা, শিপবিল্ডিং টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ: কেমিক্যাল ১টি, কম্পিউটার ২টি, সিভিল ৩টি, ইলেক্ট্রিক্যাল ১৫টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম ৫টি, মেকানিক্যাল ৪৩টি, প্রোডাকশন ৫টি, শিপবিল্ডিং টেকনোলজি ৫টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস :** ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিক্যালে ২টি, মেকানিক্যালে ৩টি।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে ইন্টারভিউ।

আগ্রহী প্রার্থীদের প্রথমে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং স্কিমে নাম এনরোলমেন্ট করবেন ১১ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : https://portal.mhrdnats.gov.in নাম রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন আই.ডি. ও পাসওয়ার্ড প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://mazagondock.in/Career-Apprentice.aspx


• JEXPO পলিটেকনিক ₹ 500/-
Study Material + Mock Test + Pre. Year Ques. Solve

WBCS (Preli. & Main)
ছাড়াও সমস্ত কম্পিটিটিভ পরীক্ষার জন্য

• WBCS (Preli.) Guide ₹ 900/-
• WBCS Practice Set ₹ 250/-
• জেনারেল স্টাডিজ ₹ 1050/-
(With Mock Test + All kinds of competitive exam question solve)
• জেনারেল নলেজ এনসাইক্লোপিডিয়া ₹ 400/-
• জেনারেল নলেজ (MCQ 15000) ₹ 375/-
• সাধারণ বিজ্ঞান ₹ 300/-
(জীববিদ্যা, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, পরিবেশবিদ্যা)
• ভারতীয় সংবিধান ও অর্থনীতি ₹ 260/-
(ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ও নীতি আয়োগের বিশেষ উল্লেখসহ)
• ভারতের ইতিহাস, স্বাধীনতা সংগ্রাম ও জাতীয় আন্দোলন ₹ 260/-
• ভারত, পশ্চিমবঙ্গ প্রাকৃতিক ও আঞ্চলিক ভূগোল ₹ 260/-
• কম্পিটিটিভ ম্যাথেমেটিক্স ₹ 320/-
(Solve With Shortcut Method)
• জি.আই ও রিজনিং Verbal & Non-Verbal ₹ 260/-

তপতী® পাবলিশার্স
৯/৪ টেমার লেন, কোলকাতা-৯ মোবাইল- ৯৭৩৪৪৭৭৭৭১



স্বল্প খরচে চাকরিমুখী প্রশিক্ষণ দিচ্ছে বন্ধন।
N-S-D-C National Skill Development Corporation
Transforming the skill landscape

ট্রেনিং নিয়ে প্রায় ১৯,০০০ জন যুবক-যুবতী সাফল্যের সঙ্গে কর্মরত।

যোগ্যতা : মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট। বয়স : ১৮-৩২ বছর

পেশাগত দক্ষতা বাড়াতে এবং নিশ্চিত চাকরীর সন্ধানে যোগাযোগ করুন স্কিল ডেভেলপমেন্ট সেন্টারগুলিতে :

কলকাতা
• গড়িয়া : 9903105429
• বেহালা : 9800248306

হুগলি
• উত্তরপাড়া : 9830184776
• চন্দননগর : 8777754316

পশ্চিম মেদিনীপুর
• মেদিনীপুর : 8597392774
• খড়গপুর : 8101379743

পূর্ব মেদিনীপুর
• কাঁথি : 9564657781
• হলদিয়া : 8420235814
• তমলুক : 8145476532

বর্ধমান
• বর্ধমান : 7980333212

উত্তর ২৪ পরগনা
• বারাসাত : 9836266326

নদিয়া
• চাকদহ : 9433812046

উত্তরবঙ্গ
• শিলিগুড়ি : 9382853521
• জলপাইগুড়ি : 9593941551
• ময়নাগুড়ি : 8372907707
• ধূপগুড়ি : 8927700461
• মালবাজার : 7001214197
• মালদা : 9614781591
• বহরমপুর : 8906201949



দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট
ESTD.-1920
ট্রেনিং পার্টনার অফ
ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)
Skill India
100 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2020
জীবন গড়ার 100 বছর

# TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280
DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682
AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP (Howrah) : 9903967142 • RAJARHAT : 9903967146
**COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY RECOGNISED BY UGC-DEB

• ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
• কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
• নেটওয়ার্ক এক্সপার্ট *
• ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং *
• মোবাইল অ্যান্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
• স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান *
• অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
• এসি অ্যান্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
• ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
• সোলার পাওয়ার টেকনোলজি
• সাইবার সিকিউরিটি এন্ড ইনফরমেশন
• সিসিটিভি টেকনিসিয়ান *
• ডিপ্লোমা ইন মেডিক্যেল ল্যাব টেকনিশিয়ান

যোগ্যতা ক্লাস X/XII বোর্ড পরীক্ষা

• প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
• সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট * (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)
• কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড প্রোগ্রামিং #
• কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড অফিস ম্যানেজমেন্ট *#
• স্টেনোগ্রাফি *
• ডট নেট টেকনোলজি *
• ডাটা অ্যানালিটিক্স ইউজিং আর
• ডাটা অ্যানালিটিক্স ইউজিং পাইথন
• মেশিন লার্নিং ইউজিং আর
• মেশিন লার্নিং ইউজিং পাইথন
• অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি *
• অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি *

• অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ *
• ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
• ডিপ্লোমা ইন রেনাল ডায়ালিসিস টেকনিশিয়ান
• ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান
• ইন্টিরিয়র ডিজাইন অ্যান্ড সাইট সুপারভাইজার (Godrej Interio)
• ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
• অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
} পার্ক স্ট্রিট কেন্দ্র
• টিভিএস অটোমোবাইল টেকনিসিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
• গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়াশিং মেশিনস (Godrej দ্বারা পরিচালিত)
• অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
• ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)

অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ
www.georgetelegraph.org
*Scan QR code for more details
HDFC BANK Easy EMI Scheme (Only Sealdah Centre)

মেন ক্যাম্পাস শিয়ালদহ ✆ 8336939682 / 83 / 84 / 85
অ্যাডমিশন হেল্পলাইন : 9836428285 • WhatsApp 8336939684

CENTRES

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ■ আলিপুরদুয়ার | 9836408027 | ■ দুর্গাপুর | 9051111246 | কাকদ্বীপ | 9830077802 |
| ■ আমুল | 8334975533 | ডাকঘর | 8017522288 | ■ খড়গপুর | 9073610876 |
| ■ আসানসোল | 9051117895 | ডায়মন্ড হারবার | 8017522287 | ■ লিলুয়া (হাওড়া) | 9830136688 |
| বেলঘড়িয়া (টেক্সম্যাকো) | 9830780280 | গুয়াহাটি | 9127066277 | মালবাজার | 9674165584 |
| ■ বাগনান | 9051110638 | গার্ডেনরিচ | 9230613574 | ■ মালদা | 9674165585 |
| ■ বোলপুর | 9073333262 | ■ হরিপাল | 9874136799 | ■ মেদিনীপুর | 8335062606 |
| ■ বারাসাত (চাঁপাডালি রোড) | 9674165589 | হাবরা | 9093037766 | মেমারি | 8777687853 |
| ■ বারাসাত (যশোর রোড) | 8336911041 | হলদিয়া | 9732727609 | পাণ্ডুয়া | 9831840004 |
| ■ বেহালা | 9836616668 | ■ জয়নগর | 9836666773 | ■ শিলিগুড়ি | 8335051715 |
| ■ বহরমপুর | 9674165587 | জলপাইগুড়ি | 9434154082 | ■ সোনারপুর | 9830720005 |
| বাঁকুড়া | 9932870010 | ■ কল্যাণী | 9674165588 | সিউড়ি | 9475074332 |
| ব্যারাকপুর (মিলিটারি রোড) | 9830596844 | ■ কৃষ্ণনগর | 9674162462 | তমলুক | 9735521383 |
| বর্ধমান | 9007129736 | ■ কোন্নগর | 8697140843 | ঠাকুরপুকুর | 8017522286 |
| ■ কাটাই | 9674165582 | | | | |

Paramedical

| | |
|---|---|
| বাগনান | 9051110638 |
| বালুরঘাট | 9734935600 |
| বারাসাত | 8336911041 |
| বসিরহাট | 8910505980 |
| বর্ধমান | 8335053588 |
| বেহালা | 8336911653 |
| দুর্গাপুর | 9051111246 |
| ঝাড়গ্রাম | 9547240202 |
| লিলুয়া | 9830136688 |
| মেদিনীপুর | 8944007742 |
| সোনারপুর | 9073727474 |
| শিলিগুড়ি | 8335078359 |
| তারকেশ্বর | 9800119669 |

Smart Centre

| | |
|---|---|
| ■ শ্রীরামপুর | 9073610884 |
| ■ বর্ধমান | 8335053588 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |
| সোনারপুর | 9874055586 |

Beauty

| | |
|---|---|
| ■ ভবানীপুর | 9073952154 |
| ■ বর্ধমান | 8335053588 |
| ■ বাগনান | 9051110638 |
| গার্ডেনরিচ | 6290939559 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |
| ■ বারাসাত (যশোর রোড) | 9073952156 |
| ■ দুর্গাপুর | 9836428286 |
| ■ কল্যাণী | 9674165588 |
| ■ গড়িয়া (বোড়াল) | 9674165418 |
| সল্টলেক (এফ ডি ব্লক) | 9830080238 |
| ■ শিলিগুড়ি | 8335051715 |

Interior Design

| | |
|---|---|
| পার্ক স্ট্রিট | 9073610877 |

e-mail : queries@georgetelegraph.org
Website : www.georgetelegraph.org


WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET___পর্যালোচনা
GK+GI+GS+CA

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার শেষ মুহূর্তের সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে ৮ মার্চ। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ নুরুল ইসলাম।

## GENERAL STUDIES

1. সংযুক্তা পাণিগ্রাহী কোন ধরণের নাচের জন্য বিখ্যাত ছিলেন?
(a) মণিপুরী (b) ওড়িশি (c) ভরতনাট্যম (d) কত্থক

2. 'জেনসেম' কী?
(a) অসমবাসীদের বেশ (b) মেঘালয়ের স্ত্রীলোকদের উপজাতীয় পরিধান (c) মিজো রমণীদের উপজাতীয় বেশ (d) মণিপুরী স্ত্রীলোকদের উপজাতীয় বেশ

3. বর্তমানে রাষ্ট্রসঙ্ঘে ভারতের হয়ে প্রতিনিধিত্ব কে করেন?
(a) এম. জে. আকবর (b) সৈয়দ আকবরউদ্দিন (c) হর্ষবর্ধন শ্রিংলা (d) রুচি ঘনশ্যাম

4. ভারতের সবুজ বিপ্লবের প্রভাব নীচের কোন ফসলের ওপর সবথেকে প্রভাবশীল?
(a) ধান (b) গম (c) তৈলবীজ (d) পাট

5. বালমুরলীকৃষ্ণ কোন ধরণের গানের জন্য বিশিষ্ট?
(a) লোকগীতি (b) খেয়াল (c) টপ্পা (d) কর্ণাটকী সঙ্গীত

6. কোন যৌগটি তড়িৎ ও সমযোজী বন্ধন ধারণ করে?
(a) $CH_4$ (b) $H_2$ (c) KCN (d) NaCl

7. কে 'হায়াবোল' নাটকটি রচনা করেন?
(a) বাদল সরকার (b) সফদর হাসমি (c) উৎপল দত্ত (d) মনোজ মিত্র

8. কোন মৌলটি উভধর্মী অক্সাইড গঠন করে?
(a) বিসমাথ (b) অ্যান্টিমনি (c) ফসফরাস (d) সোডিয়াম

9. ইসরো (ISRO) কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 1979 (b) 1975 (c) 1973 (d) 1969

10. 'ডেঞ্জার' অ্যালবামটি কার?
(a) জন লেনন (b) পল রবসন (c) মাইকেল জ্যাকসন (d) হ্যারি বেলাফন্টে

11. বীজহীন ফল উৎপন্ন করতে ব্যবহৃত হরমোন কোনটি?
(a) জিব্বারেলিন (b) অক্সিন (c) ইথিলিন (d) সাইটোকাইনিন

12. সংবিধানের কোন সংশোধনে নবম তপশীল সংশোধিত হয়?
(a) প্রথম সংশোধন (b) তৃতীয় সংশোধন (c) দশম সংশোধন (d) চতুর্দশ সংশোধন

13. 'অরণ্যের অধিকার' উপন্যাসটির রচয়িতা কে?
(a) মহাশ্বেতা দেবী (b) আশাপূর্ণা দেবী (c) সঙ্গীতা বন্দ্যোপাধ্যায় (d) মন্দাক্রান্তা সেন

14. 'তুঙ্গভদ্রা' কার উপনদী?
(a) কৃষ্ণা (b) কাবেরী (c) গোদাবরী (d) মহানদী

15. মুসলিম লিগ কত সালে প্রথম আলাদা রাষ্ট্র পাক-ই-স্তানের জন্য ডাক দিয়েছিল?
(a) 1939 (b) 1940 (c) 1941 (d) 1942

16. রেক্টিফায়েড স্পিরিট নীচের কাদের মিশ্রণ?
(a) 95% ইথানল + 5% মিথানল (b) 95% ইথানল + 5% জল (c) 95% ইথানল + 5% পিরিডিন (d) 100% ইথানল

17. নীচের কোনটি আংশিক মূল পরজীবী?
(a) বাঁশ গাছ (b) চন্দন গাছ (c) ছত্রাক (d) সাইকাস

18. নীচের বস্তুগুলির কোনটিতে অক্সিজেন নেই?
(a) বক্সাইট (b) ক্রায়োলাইট (c) ডলোমাইট (d) এপসম লবণ

19. মানবদেহে করোটির স্নায়ুর সংখ্যা কত?
(a) 12টি (b) 12 জোড়া (c) 31 টি (d) 11 জোড়া

20. 'টোডা' নামে উপজাতি কোথায় বাস করে?
(a) নীলগিরি পর্বত (b) গাড়োয়াল (c) কন্যাকুমারী (d) ছোটোনাগপুর

21. পৃথিবীর গড় উষ্ণতা বৃদ্ধিতে $CO_2$-এর ভূমিকা কত শতাংশ?
(a) 20% (b) 14% (c) 15% (d) 13%

22. বিখ্যাত সঙ্গীত 'ইম্যাজিন' কার রচনা?
(a) জন লেনন (b) রিকি মার্টিন (c) পিট সিগার (d) পল রবসন

23. নীচের কোনটি পিরিমিডিন বেস নয়?
(a) থাইমিন (b) ইউরাসিল (c) গুয়ানিন (d) সাইটোসিন

24. 'যেতে পারি কিন্তু কেন যাব' কার লেখা?
(a) শক্তি চট্টোপাধ্যায় (b) সুনীল গঙ্গোপাধ্যায় (c) শরৎকুমার মুখোপাধ্যায় (d) নীরেন্দ্রনাথ চক্রবর্তী

25. মানব হৃৎপিণ্ডের প্রাকৃতিক পেসমেকার কোনটি?
(a) SA নোড (b) AV নোড (c) মায়োকার্ডিয়াম (d) কোনোটিই নয়

26. 'দীন-ই ইলাহি'র প্রবক্তা কে?
(a) ঔরঙ্গজেব (b) আকবর (c) শেরশাহ (d) দারাশুকো

27. প্রথম কোন 'এশিয়ান গেমস'এ হকি খেলার সূচনা হয়েছিল?
(a) 1958 সালে টোকিও (a) 1962 সালে জাকার্তা (a) 1966 সালে ব্যাঙ্কক (a) 1970 সালে ব্যাঙ্কক

28. নীচের কোনটি উপচুম্বকীয়?
**প্রত্যেক সপ্তাহে বিশ্বে এমন অনেক ঘটনা ঘটে, যা চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে কালঘাম ছুটে যায়। তারই হদিশ দিতে চলছে এই নতুন বিভাগ।**

# সর্দার বল্লভভাই প্যাটেল স্টেডিয়াম

**২৪ ফেব্রুয়ারি, প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীর সঙ্গে, বিশ্বের সবথেকে বড় ক্রিকেট স্টেডিয়াম 'সর্দার বল্লভভাই প্যাটেল স্টেডিয়াম'এর উদ্বোধন করলেন মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এই ইভেন্টের পোশাকি নাম ছিল 'নমস্তে ট্রাম্প'। ২০১৫ সালে ৫৪,০০০ আসনবিশিষ্ট মোতেরা স্টেডিয়ামটি ভেঙে দেওয়ার পরে তার জায়গায় 'সর্দার বল্লভভাই প্যাটেল' স্টেডিয়ামটি বিশ্বের বৃহত্তম ক্রিকেট স্টেডিয়াম হিসাবে আত্মপ্রকাশ করেছে। একনজরে এই স্টেডিয়ামের খুঁটিনাটি।**




✱ গুজরাতের আহমেদাবাদে অবস্থিত এই ক্রিকেট স্টেডিয়ামের ধারণক্ষমতা ১ লাখ ১০ হাজার।

✱ আগে এই ক্রিকেট স্টেডিয়ামের নাম ছিল 'সর্দার প্যাটেল গুজরাত স্টেডিয়াম'। পরে বিখ্যাত নেতা ও স্বাধীন ভারতের প্রথম উপ-প্রধানমন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেলের প্রতি শ্রদ্ধা জানাতে এই স্টেডিয়ামের নাম রাখা হয়েছে 'সর্দার বল্লভভাই প্যাটেল স্টেডিয়াম'। স্টেডিয়ামটি 'মোতেরা স্টেডিয়াম' নামেও পরিচিত।

✱ ১৯৮২ সালে গুজরাত সরকার সবরমতী নদীর তীরে ১০০ একর জমি অনুদান দেওয়ার পরে 'মোতেরা স্টেডিয়াম'টি তৈরি হয়। উল্লেখ্য, ৯ মাসের মধ্যে এই নির্মাণ কাজ শেষ হয়েছিল। তার আগে আহমেদাবাদের পুর কর্পোরেশন স্টেডিয়ামে আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচগুলি খেলা হত।

✱ গুজরাত সরকার এই স্টেডিয়ামটি পুনর্গঠনের প্রস্তাব দিয়েছিল। পুনর্গঠনের কাজ শুরু হয়েছিল ২০১৬ সালে।

✱ স্টেডিয়ামটি ১৯৮৪ সালে প্রথমবার একদিনের আন্তর্জাতিক ম্যাচ আয়োজন করেছিল।

✱ মোতেরা স্টেডিয়ামটির সামগ্রিক সংস্কার করতে খরচ হয়েছে প্রায় ৭০০ কোটি টাকা।

✱ এবছরের শেষের দিকে এশিয়া একাদশ ও বিশ্ব একাদশের মধ্যে একটি প্রদর্শনী ম্যাচ এই স্টেডিয়ামে অনুষ্ঠিত হতে পারে।

✱ ১ লাখ ১০ হাজার আসন ক্ষমতা সম্পন্ন এই স্টেডিয়ামটি বিশ্বের দ্বিতীয় বৃহত্তম স্টেডিয়াম। কারণ, প্রথম স্থানে রয়েছে উত্তর কোরিয়ার 'রুনগ্রাদো মে ডে স্টেডিয়াম'। এই স্টেডিয়ামের আসন সংখ্যা ১ লাখ ১৪ হাজার।

✱ মোতেরার আগে, অস্ট্রেলিয়ার 'মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ড' (MCG) ছিল সবথেকে বড় ক্রিকেট স্টেডিয়াম, যেখানে ৯৫,০০০ লোক বসতে পারেন।

✱ 'পপুলাস' নামে একটি অস্ট্রেলীয় সংস্থা এই নবনির্মিত স্টেডিয়ামটির স্থপতি। এছাড়াও জেনারেল কন্ট্রাক্টর হিসাবে এই বিখ্যাত স্টেডিয়ামটির দায়িত্ব ছিল 'লার্সেন অ্যান্ড টুব্রো'র হাতে।

✱ ৬৩ একর জুড়ে বিস্তৃত এই স্টেডিয়ামে রয়েছে ৩টি প্রবেশপথ।

✱ এখানে অতিরিক্তভাবে ২৫টি ধারণক্ষমতা সম্পন্ন ৭৬টি কর্পোরেট বাক্স রয়েছে। এটির ক্লাবহাউসে রয়েছে ৫৫টি ঘর, একটি জিমন্যাসিয়াম ও একটি অলিম্পিক আকারের সুইমিং পুল।

✱ এটিতে একটি ক্রিকেট আকাদেমি ও ইন্ডোর অনুশীলন পিচ রয়েছে, যেখানে বাইরে বৃষ্টি হলে খেলোয়াড়রা অনুশীলন করতে পারবেন।

✱ পার্কিংয়ে ৩,০০০ গাড়ি ও ১০,০০০ বাইক রাখার জায়গা রয়েছে।

✱ ক্রিকেট ছাড়াও এই স্টেডিয়ামে ফুটবল, হকি, বাস্কেটবল, কবাডি, বক্সিং, লন টেনিস প্রভৃতি খেলার সুযোগ রয়েছে।

✱ স্বত্বাধিকারী : গুজরাত ক্রিকেট অ্যাসোসিয়েশন।

✱ মাঠটির আকৃতি : ১৬২ গজ × ১৭০ গজ।

### ভারতীয় ক্রিকেট ইতিহাসের যেসব দুর্দান্ত ঘটনার সাক্ষী মোতেরা

✱ ১৯৮৬-'৮৭ মরসুমে পাক-ই-স্তানের বিপক্ষে সুনীল মনোহর গাভাসকর টেস্ট ক্রিকেটে ১০,০০০ রান পূর্ণ করেছিলেন।

✱ এই মাঠে সবথেকে বেশি টেস্ট উইকেট (৪৩২) নিয়ে, নিউজিল্যান্ডের প্রাক্তন ক্রিকেটার স্যর রিচার্ড জন হ্যাডলির নজিরকে ছাপিয়ে গিয়েছিলেন কপিল দেব রাম লাল নিখাঞ্জ।

✱ ১৯৯৯ সালের অক্টোবরে, শচীন রমেশ তেন্ডুলকর নিউজিল্যান্ডের বিপক্ষে নিজের প্রথম টেস্ট ম্যাচে দ্বিশতরান করেছিলেন।

✱ এখানেই ২০০৯ সালের ১৬ নভেম্বর, শ্রীলঙ্কার বিপক্ষে, আন্তর্জাতিক ক্রিকেটে ২০ বছর পূর্ণ করেছিলেন শচীন রমেশ তেন্ডুলকর। এই একই খেলা চলার সময় শচীন আন্তর্জাতিক ক্রিকেটে ৩০,০০০ রানে পৌঁছেছিলেন।

✱ ২০১১ সালের ক্রিকেট বিশ্বকাপের সময়, অস্ট্রেলিয়ার বিপক্ষে একদিনের ক্রিকেটে প্রথম ক্রিকেটার হিসাবে ১৮,০০০ রান করেছিলেন শচীন রমেশ তেন্ডুলকর।

✱ ২০০৮ সালে, দক্ষিণ আফ্রিকার ভারত সফরের দ্বিতীয় টেস্টের সময় আব্রাহাম বেঞ্জামিন ডে ভিলিয়ার্স ভারতের বিপক্ষে প্রথম দ্বিশতরান করেছিলেন।

### মোতেরা স্টেডিয়ামে টেস্ট ম্যাচের নজির

✱ **মোট সর্বোচ্চ ইনিংসে** : শ্রীলঙ্কা ৭৬০/৭ডি — ভারত বনাম শ্রীলঙ্কা, দ্বিতীয় ইনিংসে, ২০০৯ সালের ১৬ নভেম্বর।

✱ **মোট সর্বনিম্ন ইনিংসে** : ভারত ৭৬ — ভারত বনাম দক্ষিণ আফ্রিকা, ১ ইনিংসে, ২০০৮ সালের ৩ এপ্রিল।

✱ **সর্বোচ্চ ব্যক্তিগত স্কোর** : শ্রীলঙ্কার মাহেলা জয়বর্ধনে ৪৩৫ বলে ২৭৫ (২৭ চার ও ১টি ছয়), শ্রীলঙ্কা বনাম ভারত, ২০০৯ সালের ১৬ নভেম্বর।

### মোতেরা স্টেডিয়ামে একদিনের আন্তর্জাতিক ম্যাচের নজির

✱ **মোট সর্বোচ্চ** : দক্ষিণ আফ্রিকা ৩৬৫/২ — ভারত বনাম দক্ষিণ আফ্রিকা, প্রথম ইনিংসে, ২০১০ সালের ২৭ ফেব্রুয়ারি।

✱ **মোট সর্বনিম্ন** : জিম্বাবোয়ে ৮৫ — জিম্বাবোয়ে বনাম ওয়েস্ট ইন্ডিজ, প্রথম ইনিংসে, ২০০৬ সালের ৮ অক্টোবর।

✱ **সর্বোচ্চ ব্যক্তিগত স্কোর** : সৌরভ গঙ্গোপাধ্যায় ১৫২ বলে ১৪৪ (৮টি চার ও ৬টি ছয়) — ভারত বনাম জিম্বাবোয়ে, ২০০০ সালের ৫ ডিসেম্বর।

✱ **সেরা বোলিং** : মিচেল গাই জনসন ৪/১৯ (৯.২ ওভার) — অস্ট্রেলিয়া বনাম জিম্বাবোয়ে, ২০১১ সালের ২১ ফেব্রুয়ারি।

✱ **সর্বাধিক রান** : ক্রিস্টোফার হেনরি গেইল — ৩১৬ রান ও শচীন রমেশ তেন্ডুলকর — ২১৫ রান।

✱ **সর্বাধিক উইকেট** : কপিল দেব রাম লাল নিখাঞ্জ (ভারত) ১০ উইকেট, সেপারামাদু লসিথ মালিঙ্গা ৭ উইকেট ও ক্রিস্টোফার হেনরি গেইল ৬ উইকেট।



১২ পাতার পর

□ হায়দরাবাদে, 'বায়ো এশিয়া সম্মেলন' ২০২০ আয়োজন করল তেলেঙ্গানা সরকার। চলবে ১৯ ফেব্রুয়ারি পর্যন্ত। এবছর এই সম্মেলন ১৭ তম। এবছরের থিম : 'টুডে ফর টুমরো'। এই সম্মেলনের মূল লক্ষ্য হল, জীব বিজ্ঞান সংস্থাগুলির সক্ষমতা ও তাদের বিনিয়োগগুলি অনুসন্ধান করা।

□ ক্যাবে যাতায়াতকারী মানুষদের সুরক্ষা নিশ্চিত করতে, 'ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর'এ, 'উবের'এর সঙ্গে 'হিম্মত প্লাস' অ্যাপ চালু করল দিল্লি পুলিশ। কোনো জরুরি পরিস্থিতিতে, পুলিশ সদরদফতর এই অ্যাপের মাধ্যমে কোনো ড্রাইভার বা, যাত্রীর আসল সময় অবস্থান গ্রহণ করবে, যাতে পিসিআর ভ্যানকে সহায়তা দেওয়ার জন্য নিযুক্ত করা যেতে পারে।

□ কোয়ানসি কাপ দাবা টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হলেন ভারতের মহিলা দাবাড়ু কোনেরু হাম্পি। ফাইনাল রাউন্ডে ডি হরিকার সঙ্গে ড্র করার সঙ্গে সঙ্গে খেতাব জিতলেন তিনি।

**১৮ ফেব্রুয়ারি** : ভারতে, অস্ট্রেলিয়ার নতুন হাই কমিশনার হলেন ব্যারি ও'ফারেল।

**হৃদরোগে আক্রান্ত হয়ে, বিশিষ্ট অভিনেতা ও রাজনীতিবিদ তাপস পাল (৬১ বছর) মারা গেলেন। তাঁর অভিনীত**



**উল্লেখযোগ্য চলচ্চিত্রের মধ্যে আছে 'দাদার কীর্তি', 'ভালোবাসা ভালোবাসা', 'অনুরাগের ছোঁয়া' প্রভৃতি।**

□ উদ্ভাবন ও মানবসেবায় অবদানের জন্য, 'ইউনিভার্সিটি অফ ম্যাঞ্চেস্টার'এর তরফ থেকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি পেলেন টাটা গ্রুপের চেয়ারম্যান এমেরিটাস রতন টাটা। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, প্রেসিডেন্ট ও ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড্যাম ন্যান্সি রোথওয়েলের ভারত সফরের সময়, মুম্বইয়ে ৮২ বছর বয়সি এই শিল্পপতিকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

□ দিল্লির 'ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর'কে, ভারতের প্রথম একক-ব্যবহার প্লাস্টিক মুক্ত বিমানবন্দর হিসাবে ঘোষণা করল জিএমআর এর নেতৃত্বাধীন দিল্লি আন্তর্জাতিক বিমানবন্দর লিমিটেড (DIAL)।

□ পানামাকে আবার 'কালো তালিকা'ভুক্ত করল 'ইউরোপীয় ইউনিয়ন'। নির্ধারিত সময়ের মধ্যে কর সংস্কারের কাজ সম্পূর্ণ করতে না পারায় পানামাকে ফের কালো তালিকাভুক্ত করা হচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৮ সালে ইউরোপীয় ইউনিয়ন কালো তালিকা থেকে পানামাকে বাদ দিয়েছিল।

□ কিরগিজস্তানের কুস্তিগির আজাত সালিদিনভকে ৫-০ ব্যবধানে হারিয়ে, ২৭ বছর পর, নয়াদিল্লিতে এশিয়ান কুস্তিতে গ্রেকো ও রোমান বিভাগে সোনার পদক পেলেন ভারতীয় কুস্তিগির সুনীল কুমার। এর আগে এশীয় কুস্তি চ্যাম্পিয়নশিপে ১৯৯৩ সালে গ্রেকো রোমান বিভাগের ৪৮ কেজি বিভাগে সোনার পদক পেয়েছিলেন পাপ্পু যাদব।

**১৯ ফেব্রুয়ারি** : 'ন্যাশনাল ব্যাঙ্ক ফর অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট'এর (NABARD) চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন চিন্তালা গোবিন্দ রাজুলু।

□ কঠিন বর্জ্য ব্যবস্থাপনায় বিপ্লব ঘটিয়ে, অসমের প্রথম বর্জ্যশূন্য শহরে পরিণত হল জোড়হাট জেলার ছোট শহর টিটাবোর। যদি কোনো শহর ৮০% পর্যন্ত বর্জ্য প্রক্রিয়াকরণ করে থাকে, তবে সেই শহর বর্জ্যশূন্য শহর বলে দাবি করতে পারে।

□ ২০১৯ সালের 'ইওয়াই বর্ষসেরা উদ্যোক্তা'র সম্মান পেলেন 'বায়োকন'এর চেয়ারপার্সন ও ম্যানেজিং ডিরেক্টর কিরণ মজুমদার সাউ। 'কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার উদয় কোটাকের নেতৃত্বে ৮ সদস্যের জুরি প্যানেল তাঁকে বিজয়ী ঘোষণা করেছেন। এদিন নয়াদিল্লিতে, পাঁচশোরও বেশি ব্যবসায়িক ব্যক্তিরা এই পুরস্কার অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন। 'জীবনকৃতি সম্মান' পেয়েছেন 'গোদরেজ গ্রুপ'এর চেয়ারম্যান আদি গোদরেজ।

□ অযোধ্যায় রাম মন্দির বানানোর জন্য তৈরি সরকারি ট্রাস্টের শীর্ষপদে বসলেন বিশ্বহিন্দু পরিষদের রামজন্মভূমি ন্যাসের প্রধান নৃত্য গোপাল দাস। তাঁকে রামজন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্টের সভাপতি করা হয়েছে।

**২০ ফেব্রুয়ারি** : কেন্দ্রীয় ভিজিল্যান্স কমিশনার হলেন সঞ্জয় কোঠারী।

□ চিফ ইনফর্মেশন কমিশনার হলেন বিমল জুলকা।

**২১ ফেব্রুয়ারি** : ৩ বছরের জন্য সুনীল গুরবাক্সানিকে 'ধনলক্ষ্মী ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিয়োগের অনুমোদন দিল 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'।

□ আহমেদাবাদের 'গুজরাত বিশ্ববিদ্যালয়'এ, তৃতীয় 'চিত্র ভারতী চলচ্চিত্র উৎসব'এর উদ্বোধন করলেন গুজরাতের মুখ্যমন্ত্রী বিজয় রূপানি ও বলিউডের চলচ্চিত্র পরিচালক সুভাষ ঘাই। এই চলচ্চিত্র উৎসবের লক্ষ্য হল, ভারতীয় চলচ্চিত্রে 'ভারতীয়' কাহিনি প্রতিষ্ঠা করা। শর্ট ফিল্ম, ডকুমেন্টারি, অ্যানিমেশন ও ক্যাম্পাস ফিল্ম নামে ৪টি বিভাগের অধীনে প্রায় ১৪০টি চলচ্চিত্র এই উৎসবে দেখানো হয়েছে।

□ নয়াদিল্লিতে, 'জাতীয় জৈব খাদ্য উৎসব'এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পমন্ত্রী হরসিমরত কাউর বাদল ও কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী স্মৃতি ইরানি। উৎসবটির আয়োজন করেছে 'খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রক' (MoFPI)। এই উৎসবের মূল লক্ষ্য হল, জৈব বাজারকে শক্তিশালী করা ও মহিলাদের জৈব জাতীয় উৎপাদনে উৎসাহিত করা। ২০২০ সালে এর থিম 'আনলিয়াশিং ইন্ডিয়া'স অর্গ্যানিক মার্কেট পোটেনশিয়াল'।

□ এবছর চতুর্থ বছরে পদার্পণ করল 'শ্যামা প্রসাদ মুখার্জি রারবান মিশন' (SPMRM)। ২০১৬ সালের ২১ ফেব্রুয়ারি, প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী এটি চালু করেছিলেন। গ্রামীণ অঞ্চলে সমন্বিত প্রকল্প ভিত্তিক পরিকাঠামো সরবরাহের জন্য এই প্রকল্প চালু হয়েছিল, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে অর্থনৈতিক কার্যক্রমের বিকাশ ও দক্ষতা বিকাশ।

□ ২০২০ সালের শেষে, আন্ধ্রা প্রদেশের কুরনুল জেলার জোনাগিরিতে গড়ে উঠবে ভারতের প্রথম বেসরকারি সোনার খনি। আগামী ৬ মাসের মধ্যে খনন প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ শেষ হবে বলে আশা করা হচ্ছে। কৃষকদের সঙ্গে আলোচনা করে 'জিওমাইসোর সার্ভিসেস ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড' জমি অধিগ্রহণের কাজ চালাচ্ছে।

□ নয়াদিল্লিতে অনুষ্ঠিত সপ্তম 'গভর্ন্যান্স নাউ পিএসইউ অ্যাওয়ার্ডস'এ, ২০২০ সালের 'দা বিজনেস লিডারশিপ পুরস্কার' পেলেন 'ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন'এর (NMDC) চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর এন. বৈজেন্দ্র কুমার।

□ উত্তর প্রদেশের সোনভদ্রে ২টি স্বর্ণভাণ্ডারের হদিশ মিলল। প্রথমটি সোনপাহাড়িতে ও দ্বিতীয়টি হারদি এলাকায়। প্রায় ২০ বছর ধরে নকশাল অধ্যুষিত সোনভদ্রের বিভিন্ন এলাকায় সোনার খনির খোঁজ চালিয়ে আসছিল ভূতত্ত্ব সর্বেক্ষণ ও উত্তর প্রদেশের 'ডিরেক্টরেট অফ জিওলজি অ্যান্ড মাইনিং'এর আধিকারিকরা। সেই কাজেই সাফল্য এল সম্প্রতি। প্রাথমিক গণনায় দাবি, ২ খনিতে মজুত সোনার পরিমাণ প্রায় ৩,৩৫০ টন, যা দেশের সোনার মোট সঞ্চয়ের তুলনায় ৫ গুণ বেশি। দেশে এখন সঞ্চিত সোনার পরিমাণ ৬২৬ টন। বিশ্বে সবথেকে বেশি সোনা মজুত রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রে।

## দাদাসাহেব ফালকে আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব পুরস্কার — ২০২০



- □ **চলচ্চিত্র** : সুপার ৩০।
- □ **অভিনেতা** : হৃতিক রোশন।
- □ **প্রতিশ্রুতিমান অভিনেতা** : কিচ্চা সুদীপ।
- □ **অভিনেতা (টেলিভিশন সিরিজ)** : ধীরাজ ধুপার।
- □ **অভিনেত্রী (টেলিভিশন)** : দিব্যাঙ্কা ত্রিপাঠী।
- □ **প্রিয় টেলিভিশন অভিনেতা** : হর্ষদ চোপড়া।
- □ **টেলিভিশন সিরিজের প্রিয় জুটি** : স্মৃতি ঝা ও সাব্বির আহলুওয়ালিয়া (কুমকুম ভাগ্য)।
- □ **রিয়্যালিটি শো** : বিগ বস ১৩।
- □ **টেলিভিশন সিরিজ** : কুমকুম ভাগ্য।
- □ **গায়ক** : আরমান মালিক।

## লরিয়াস বর্ষসেরা পুরস্কার — ২০২০



- □ **পুরুষ ক্রীড়াবিদ** : লুইস হ্যামিল্টন ও লিওনেল মেসি।
- □ **মহিলা ক্রীড়াবিদ** : সিমোনে বাইলস।
- □ **দল** : দক্ষিণ আফ্রিকান জাতীয় পুরুষ রাগবি দল।
- □ **ব্রেকথ্রু** : এগান বার্নাল।
- □ **প্রত্যাবর্তন** : সোফিয়া ফ্লর্শ।
- □ **বিশেষ ক্ষমতাযুক্ত ক্রীড়াবিদ** : ওকসানা মাস্টার্স।
- □ **অ্যাকশন ক্রীড়াবিদ** : ক্লো কিম।
- □ **গত ২০ বছরে খেলার সেরা মুহূর্ত** : শচীন রমেশ তেন্ডুলকর।
- □ **জীবনকৃতি সম্মান** : ডার্ক ওয়ার্নার নোয়িৎস্কি।
- □ **আকাদেমি ব্যতিক্রমী কৃতিত্ব পুরস্কার** : স্প্যানিশ বাস্কেটবল ফেডারেশন।
- □ **স্পোর্ট ফর গুড** : সাউথ ব্রঙ্কস ইউনাইটেড।

□ অস্ট্রেলিয়ায় শুরু হল আই.সি.সি মহিলাদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ। এবছর এটি সপ্তমতম। চলবে ৮ মার্চ পর্যন্ত। ২৩টি ম্যাচ খেলা হবে। ১০টি দল অংশ নেবে। প্রথম অনুষ্ঠিত হয়েছিল ইংল্যান্ডে ২০০৯ সালে। অস্ট্রেলিয়া মোট ৪ বার জয়লাভ করেছে। ২০২২ সালে এটি অনুষ্ঠিত হবে দক্ষিণ আফ্রিকায়।

□ আন্তর্জাতিক ও প্রথম শ্রেণির ক্রিকেট থেকে অবসর নিলেন ভারতের স্পিনার প্রজ্ঞান ওঝা। ২৪টি টেস্টে ১১৩ উইকেট নিয়েছেন তিনি। ১৮টি একদিনের আন্তর্জাতিকে তাঁর শিকার সংখ্যা ২১। দেশের হয়ে ৬টি টোয়েন্টি-২০ ম্যাচে প্রজ্ঞান নিয়েছেন ১০ উইকেট। ১০৮টি প্রথম শ্রেণির ম্যাচে তাঁর উইকেট সংখ্যা ৪২৪।

**২২ ফেব্রুয়ারি** : 'রোয়িং ফেডারেশন অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে আবার মনোনীত হলেন রাজলক্ষ্মী সিং দেও।

□ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীর উপদেষ্টা নিযুক্ত হলেন ভাস্কর খুলবে ও অমরজিৎ সিনহা।

□ দক্ষিণ সুদানের ভাইস প্রেসিডেন্ট হিসাবে শপথ নিলেন রিক মাচার।

□ ভারতীয় রেলওয়ের 'এলাহাবাদ ডিভিশন'এর নাম বদল করে 'প্রয়াগরাজ ডিভিশন' রাখল কেন্দ্রীয় ও রাজ্য সরকার। এছাড়াও, উত্তর প্রদেশের রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল এদিন প্রয়াগরাজে ৪টি রেলস্টেশনের নাম বদল করে নতুন নামে অনুমোদন দিয়েছেন। এর ফলে, এলাহাবাদ জংশন এখন থেকে 'প্রয়াগরাজ জংশন'; এলাহাবাদ শহর এখন থেকে 'প্রয়াগরাজ রামবাগ', এলাহাবাদ ছেওকি এখন থেকে 'প্রয়াগরাজ ছেওকি' ও প্রয়াগঘাট এখন থেকে 'প্রয়াগরাজ সঙ্গম' নামে পরিচিত হবে।

□ ভিডিও কনফারেন্সের মাধ্যমে, ওড়িশার কটকের 'জওহরলাল নেহরু ইন্ডোর স্টেডিয়াম'এ এই প্রথমবার 'খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমস'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী। সারা দেশের ১৫৯ বিশ্ববিদ্যালয় থেকে প্রায় ৩,৪০০ ক্রীড়াবিদ ১৭টি খেলায় অংশ নেবে।

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

□ সহজপাঠের 'টিচার-অন-কল' প্রকল্পের জন্য টোল ফ্রি নম্বর (১৮০০-৮৯০-৬০০৬) চালু করল রিলায়েন্স জিও। গ্রামাঞ্চলে অনেক পড়ুয়া রয়েছে, যারা শিক্ষক-শিক্ষিকার অভাবে পড়াশোনা সংক্রান্ত সঠিক পরামর্শ পায় না। তাদের সহযোগিতা করতে ২০১৭ সালের ফেব্রুয়ারিতে সহজপাঠের যাত্রা শুরু। এতদিন গ্রামের ছাত্রছাত্রীদের পয়সা খরচ করে সহজপাঠকে ফোন করতে হত। কিন্তু এবার বিনা খরচেই টোল ফ্রি নম্বরে ফোন করতে পারবে পড়ুয়ারা।

□ ছাত্রছাত্রীদের আর্থিক সাহায্য প্রদান করার জন্য 'জগন্না ভাত্তি দেবেনা' প্রকল্প চালু করল আন্ধ্রা প্রদেশ সরকার। এই প্রকল্পটি মোট ২,৩০০ কোটি টাকা আর্থিক সহায়তা দেবে। আই.আই.টি, পলিটেকনিক, স্নাতক ও স্নাতকোত্তরের মোট ১১,৮৭,৯০৪ শিক্ষার্থী এই প্রকল্প থেকে উপকৃত হবে।

□ 'এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ৫৭ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতীয় কুস্তিগির রবি দাহিয়া।

□ কাজাখ-ই-স্তানের এলেনা রাইবাকিনাকে ৩-৬, ৬-৩ ও ৭-৬ ব্যবধানে হারিয়ে, 'দুবাই ওপন টেনিস'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন রোমানিয়ার সিমোনা হালেপ।

□ কাজাখ-ই-স্তানের দানিয়ার কাইসানোভের কাছে ১-৩ ব্যবধানে হেরে, 'এশীয় কুস্তি প্রতিযোগিতা'য় রুপোর পদক পেলেন জিতেন্দ্র কুমার। রুপোর পদক পাওয়ার সুবাদে অলিম্পিক্স যোগ্যতা অর্জন পর্বে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করার সুযোগ পেয়েছেন জিতেন্দ্র।

**প্রাক্তন সাংসদ, শিক্ষাবিদ ও নেতাজীর ভাইপো শিশির বসুর স্ত্রী কৃষ্ণা বসু (৮৯ বছর) মারা গেলেন। কংগ্রেসের টিকিটে ১৯৯৬ সালে**



**প্রথমবার সাংসদ হন তিনি। পরে তৃণমূল থেকেও ২ বার যাদবপুর লোকসভা কেন্দ্রে জেতেন তিনি। নেতাজী রিসার্চ ব্যুরোর চেয়ারপার্সন কৃষ্ণাদেবী টানা ৪০ বছর শিবনাথ শাস্ত্রী কলেজে পড়িয়েছেন। বিভিন্ন সময় লেখালেখিও করেছেন তিনি।**

**২৩ ফেব্রুয়ারি** : 'ন্যাশনাল হাইড্রোইলেক্ট্রিক পাওয়ার কর্পোরেশন'এর (NHPC) চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হলেন অভয় কুমার সিং।

□ বিশেষভাবে সক্ষম মানুষদের ব্যাঙ্কিং, আর্থিক পরিষেবা ও বিমা ক্ষেত্রে চাকরি খুঁজে দেওয়ার লক্ষ্যে, তাঁদের প্রশিক্ষণ দেওয়ার জন্য 'স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র সঙ্গে অংশীদার হল 'মাইক্রোসফট'। অংশীদারিত্বের প্রথম বছরে পাঁচশোরও বেশি বিশেষভাবে সক্ষমদের এই প্রশিক্ষণ দেওয়া হবে।

□ ২০২০ সালে লিভা মিস ডিভা ইউনিভার্সের খেতাব জিতলেন ম্যাঙ্গালোরের অ্যাডলিন কাস্তেলিনো। তিনি এবছর 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতায় ভারতের হয়ে প্রতিনিধিত্ব করবেন। তাঁর মাথায় মুকুট পরিয়ে দেন গত বছরের বিজয়ী ভার্তিকা সিং।

□ ২০২০ সালের 'এসইআরবি উওমেন এক্সেলেন্স পুরস্কার' পেলেন ড: নিতি কুমার। জাতীয় আকাদেমি থেকে স্বীকৃতি প্রাপ্ত ৪০ বছরের কম বয়সি মহিলা বিজ্ঞানীদের এই পুরস্কার দেওয়া হয়। পুরস্কার বিজয়ীকে ৩ বছরের জন্য, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং রিসার্চ বোর্ড, ডিপার্টমেন্ট অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার (SERB-DST) তরফ থেকে বার্ষিক ৫ লাখ টাকা গবেষণা অনুদান দেওয়া হয়। ড. নিতির গবেষণা দলটি ম্যালেরিয়ার জন্য বিকল্প ওষুধ অনুসন্ধানের জন্য মানব ম্যালেরিয়া পরজীবীতে প্রোটিন মান নিয়ন্ত্রণ নিয়ে পরীক্ষা করছে।

☛ এরপর আগামী সপ্তাহে

**সঙ্কলক : পল্লবী দেওয়ান**

**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA



## পাব্লিক সার্ভিসের

■ *পি.এস.সি.'র ওয়ার্ড মাস্টার পদের পরীক্ষা কবে হবে? এই পরীক্ষার সিলেবাস জানাবেন।— পার্থ সারথী চৌধুরী, ইসলামপুর, মুর্শিদাবাদ। সাকিরউদ্দিন মন্ডল, চণ্ডীগ্রামপুর, বিরোহী, নদিয়া।*

■■ পরীক্ষা হবে ২২ মার্চ। অ্যাডমিট কার্ড আগামী সপ্তাহে দেওয়া হবে। ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। সময় থাকবে দেড় ঘণ্টা। প্রশ্ন হবে জেনারেল স্টাডিজের বিষয়ে থাকবে ১৫০ নম্বর ও অ্যারিথমেটিক বিষয়ে থাকবে ৫০ নম্বর।

■ *ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি ও মেন পরীক্ষার প্রশ্ন কি বাংলায় হয়? ঐচ্ছিক বিষয়ের প্রশ্ন কোন ভাষায় হয়? উত্তর কোন ভাষায় লিখতে হয়? — পিনাকী ভট্টাচার্য, বারাসাত, উত্তর ২৪ পরগনা। রবীন্দ্রনাথ মন্ডল, পূর্ব মেদিনীপুর। অপর্ণা দত্তগুপ্ত, কৃষ্ণনগর, নদিয়া।*

■■ ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্ন বাংলা ও ইংরিজি দু'টি ভাষাতেই হয়। উত্তর দিতে হয় ও.এম.আর. শীটে। মেন পরীক্ষায় আবশ্যিক বিষয়ের প্রশ্ন ইংরিজিতে হয়। তবে আবশ্যিক বাংলা / নেপালী /উর্দু /হিন্দি বিষয়ের প্রশ্ন সংশ্লিষ্ট ভাষায় হয়। আবশ্যিক বাংলা বিষয়ের উত্তর বাংলায় দিতে পারবেন। ইংরিজি বিষয়ের উত্তর ইংরিজিতে দিতে হয়। আবশ্যিক বাকি ৪টি বিষয়ের প্রশ্ন হয় এম.সি.কিউ. টাইপের। তবে ঐচ্ছিক বিষয়ের প্রশ্ন ইংরিজিতে হলেও উত্তর বাংলায় লিখতে পারবেন। গত সপ্তাহের কর্মসংস্থানে এই বিভাগে এক পাঠকের উত্তরে ডব্লু.বি.সি.এস. মেনস-এর প্রশ্ন বাংলার পরিবর্তে ইংরিজিতে হয় পড়তে হবে। এই মুদ্রণপ্রমাদ হওয়ায় দুঃখিত।

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৫০ | ৮-৩-২০ | www.bis.gov.in |
| ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডে টেকনিশিয়ান, অ্যাসিস্ট্যান্ট | আই.টি.আই. | ৫০ | ৮-৩-২০ | www.bis.gov.in |
| কোলফিল্ডে টেকনিশিয়ান নার্স | ডিপ্লোমা | ৪৪ | ১০-৩-২০ | www.nclcil.in |
| দিল্লি হাই কোর্টে জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ১৩২ | ১১-৩-২০ | www.delhidistrictcourts.nic.in |
| মালদহ জেলায় আশা কর্মী | মাধ্যমিক | ৪১ | ১১-৩-২০ | www.malda.nic.in |
| এইমসে স্টেনো, অ্যাসিস্ট্যান্ট টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট, ডিপ্লোমা | ৩৭২ | ১২-৩-২০ | www.aiimsexam.org |
| পূর্ব রেলের শিয়ালদহ, হাওড়া, মালদহ, আসানসোল ডিভিশনে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই পাশ | ২,৭৯২ | ১৩-৩-২০ | www.rrcer.com |
| বি.এস.এফ.-এ কনস্টেবল, হেড কনস্টেবল | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক | ৩১৭ | ১৪-৩-২০ | www.bsf.nic.in |
| ডেডিকেটেড ফ্রেট করিডরে | গ্র্যাজুয়েট | ২৪ | ১৫-৩-২০ | www.dfcil.com |
| পশ্চিম মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ৫৭০ | ১৫-৩-২০ | www.mponline.gov.in |
| ডাকবিভাগের পশ্চিমবঙ্গ সার্কেলে গ্রামীণ ডাক সেবক | মাধ্যমিক | ২,০২১ | ১৮-৩-২০ | www.indiapost.gov.in |
| ঝাড়খণ্ড রাজ্যে সেনাবাহিনীর র‍্যালি | এইট, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | - | ২০-৩-২০ | www.joinindianarmy.nic.in |
| ইন্ডিয়ান অয়েলে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ৫০০ | ২০-৩-২০ | www.iocl.com |
| শিলিগুড়ি পুরসভায় মজদুর, পিওন, সুইপার | এইট পাশ | ৫৫ | ২০-৩-২০ | - |
| কেন্দ্রীয় সংস্থায় অ্যাসিস্ট্যান্ট অ্যাটেন্ড্যান্ট, অপারেটর | উচ্চমাধ্যমিক গ্র্যাজুয়েট | ১১৫৭ | ২০-৩-২০ | www.ssc.nic.in |
| ডি.আর.ডি.ও.-তে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই | ১১৬ | ২০-৩-২০ | www.rac.gov.in |
| পটনা হাই কোর্টে বিচারক | ল' গ্র্যাজুয়েট | ২৭ | ২১-৩-২০ | www.patnahighcourt.gov.in |
| কোস্ট গার্ডে যান্ত্রিক | ডিপ্লোমা | ৩৭ | ২২-৩-২০ | www.joinindiancoastguard.gov.in |
| ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টারে সায়েন্টিস্ট | ডিগ্রি | ৪৯৫ | ২৬-৩-২০ | www.calicut.nielit.in.nic |
| ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডে সায়েন্টিস্ট | গ্র্যাজুয়েট | ১৫০ | ৩১-৩-২০ | www.bis.org.in |
| গ্যাংটক রাজ্যে সেনাবাহিনীর র‍্যালি এগ্রিকিউটিভ | এইট, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | - | ২১-৪-২০ | www.joinindianarmy.nic.in |

## বিমানবাহিনীর

■ *ব্যারাকপুরে এয়ারফোর্সে র‍্যালি কবে হবে? কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? — তুফান মাঝি।*

■■ ব্যারাকপুরে সরাসরি র‍্যালি হওয়ার কোনো খবর নেই। বিমানবাহিনীতে গ্রুপ-এক্স (টেকনিক্যাল) ও গ্রুপ-ওয়াই (নন-টেকনিক্যাল) ক্যাটেগরিতে লোক নেওয়া হবে। ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে 'গ্রুপ-ওয়াই (নন-টেকনিক্যাল) মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেডে'র জন্য যোগ্য। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে 'গ্রুপ-ওয়াই (নন-টেকনিক্যাল) (অটো টেক, জি.টি.আই., আই.এ.এফ. (পি) ট্রেডে'র জন্য যোগ্য।

গ্রুপ 'X' (টেকনিক্যাল) ট্রেড : অঙ্ক, ফিজিক্স ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। পলিটেকনিক থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, অটোমোবাইল, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি বা, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও আবেদন করতে পারেন। তবে তাঁদের বেলায় মাধ্যমিক / উচ্চমাধ্যমিক / ডিপ্লোমা কোর্সে ইংরিজিতে অন্তত ৫০% নম্বর থাকতে হবে।

## স্কুল সার্ভিসের

■ *অঙ্কে অনার্স করেছি। কিন্তু অনার্সে ৫০% নম্বর নেই। অনার্স পাস ও আবশ্যিক বিষয় নিয়ে মোট ৫০%'এর বেশি নম্বর আছে। এম.এসসি. নেই। তবে বি.এড. করা আছে। নবম ও দশম শ্রেণির জন্য দরখাস্ত করতে পারব কি?— নবকুমার সিংহ।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *এন.আই.ও.এস. থেকে ও.ডি.এল. মোডে ডি.এল.এড. করলে প্রাইমারি টিচার পদের জন্য যোগ্য কি? — সোনালী ঘোষ, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, যোগ্য।

## প্রাথমিক শিক্ষকের

■ *২০১৭ সালের প্রাইমারি 'টেট' কবে হবে? প্রাইমারি টেট'এর জন্য নতুন করে বিজ্ঞপ্তি বেরোবে কি? শোনা যাচ্ছে, আগের বিজ্ঞপ্তি বাতিল করে নতুন করে বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হবে। এটি কি ঠিক? — তপন দাস, বরদা, বরদা বাজার, এগরা, পূর্ব মেদিনীপুর।*

■■ ২০১৭ সালের প্রাইমারি 'টেট' কবে হবে তা এখনো ঠিক হয়নি। তবে আগের টেট বাতিল হয়ে নতুন বিজ্ঞপ্তি বেরোবে কিনা সে বিষয়ে স্কুল শিক্ষা দফতর কিছু জানাতে পারেনি।

## চাকরির পরীক্ষার

সাম্প্রতিক তথ্য ...

*চাকরির পরীক্ষার কোনো খবর আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে, কোথায় যোগাযোগ করবেন — এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

## 'নেট' / 'সেট'এর

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে সোশিওলজি বিষয়ে বি.এ. অনার্স পাশ করে সোশিওলজি বিষয়ে মাস্টার ডিগ্রি করেছি। 'নেট' বা, 'সেট' দেওয়া যায় কি? নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের কোর্স পাশ করলে যোগ্য কি? — আকাশ রায়, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর।*

■■ হ্যাঁ, নেট বা, সেট পরীক্ষা দিতে পারবেন। অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর সংশ্লিষ্ট বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, ই.ডব্লু.এস., ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে 'সেট' পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (ও.বি.সি., তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে 'নেট' পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে পাশ করলে নেট বা, সেট দু'টি পরীক্ষাই দিতে পারবেন।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের নিয়োগ কবে হবে?— ভরত হেমব্রম, শালবনী, বলরামপুর, পুরুলিয়া।*

■■ কলকাতা পুলিশ ও পশ্চিমবঙ্গ পুলিশে খুব শিগগিরই কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি বেরোচ্ছে।

## কোর্স ও ট্রেনিং

■ *স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টির অনুমোদিত প্যারামেডিক্যাল কোর্সে ভরতির বিজ্ঞপ্তি কবে বেরোবে? — অভিজিৎ দাস, কাতুলতলা, হাসনাবাদ, উত্তর ২৪ পরগনা।*

■■ বিজ্ঞপ্তি বেরোবে এপ্রিল-মে মাস নাগাদ। বিজ্ঞপ্তি বেরোলে যোগাযোগ করবেন এই ওয়েবসাইটে : www.smfwb.in, www.smfwbee.in এছাড়াও বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মসংস্থানে' দেওয়া হবে।

■ *আই.টি.আই.-এর ইলেক্ট্রিশিয়ান সার্টিফিকেট ও পি.এম.কে.ভি.'র ইলেক্ট্রিশিয়ান ট্রেড সার্টিফিকেটের মধ্যে কী পার্থক্য আছে? — অভিষেক রায়, চালসিরপাক, আলিপুরদুয়ার।*

■■ দু'টি সার্টিফিকেটের গুরুত্ব এক নয়। আই.টি.আই. এর সার্টিফিকেট হল ট্রেড সার্টিফিকেট। এই সার্টিফিকেট কোর্স পাশ হলে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সব পরীক্ষাই দিতে পারবেন। পি.এম.কে.ভি.'র সার্টিফিকেট হল স্কিল ডেভেলপমেন্ট সার্টিফিকেট অর্থাৎ, এটি স্বল্পমেয়াদী কোর্স।

## অন্যান্য চাকরির

■ *জি.এন.এম. নার্স আর এ.এন.এম. নার্সের জন্য কেমন যোগ্যতা থাকা দরকার? ভরতির বিজ্ঞপ্তি কবে বেরোয়? এই কোর্স পাশ করলে কি চাকরি পাওয়া যায়? — মনিকা ঘোষ, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। রিতা বোস, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

■■ জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.) কোর্সের বেলায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে ন্যূনতম ৪০% আর ৩টি ইলেক্টিভ বিষয়ে (বেস্ট থ্রি) অন্তত ৪০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১৭ থেকে ২৭ বছরের মধ্যে। সাড়ে ৩ বছরের আবাসিক কোর্স। এই কোর্স পাশ করলে পশ্চিমবঙ্গের যেকোনো হাসপাতালে চাকরি পেতে পারেন। উচ্চমাধ্যমিকে আবশ্যিক বিষয়ে পাওয়া মোট নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হয়।

'অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (এ.এন.এম.) কোর্স করার জন্য যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ হতে হবে আর পঞ্চায়েত এলাকার বাসিন্দা হতে হবে। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে ন্যূনতম ৪০% আর ৩টি ইলেক্টিভ বিষয়ে (বেস্ট থ্রি) (এনভায়রনমেন্টাল এডুকেশন ছাড়া) অন্তত ৪০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১৭ থেকে ৩০ বছরের মধ্যে। ১৮ মাসের ট্রেনিং। হস্টেলে থেকে পড়তে হবে। এই কোর্স পাশ করলে সাধারণত জেলার হাসপাতালে চাকরি পাওয়া যায়। প্রার্থী বাছাইয়ের জন্য উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হয়। শুধুমাত্র আবশ্যিক বিষয়ে পাওয়া নম্বর দেখা হবে। ভোকেশনাল বা, অ্যাডিশনাল বিষয়ে পাওয়া নম্বর মেধা তালিকা তৈরির সময় দেখা হবে না। ওপরের ওই দুই কোর্সের জন্য দরখাস্ত নেওয়া হয় সাধারণত মে মাস নাগাদ। বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.in

■ *মাধ্যমিকে ৪২% নম্বর আছে। রেলের অ্যাপ্রেন্টিস হিসাবে দরখাস্ত করতে পারব কি? — বিপ্লব শর্মা, বীরনগর, নদিয়া।*

■■ না। রেলের অ্যাপ্রেন্টিস ট্রেনিংয়ের জন্য মাধ্যমিক পাশের পর আই.টি.আই. পাশ হতে হবে।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ
১২ /৩ /৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

## উচ্চপ্রাথমিক থেকে উচ্চমাধ্যমিক স্কুলে

১ পাতার পর

পারেন। পেশাগত যোগ্যতা হিসাবে বি.এড. / এলিমেন্টারি এডুকেশনের ডিপ্লোমা/বি.এল.এড./বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হতে হবে।

**নবম ও দশম শ্রেণির শিক্ষক-শিক্ষিকা :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট /অনার্স গ্র্যাজুয়েট / পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। পাস বা, অনার্স ডিগ্রি কোর্সে যাঁদের ৫০% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরাও আবেদনের যোগ্য। এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি.এড. কোর্স পাশ হতে হবে।

**একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা :** মোট অন্তত ৫০% (তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থী হলে ৪৫%) পেয়ে যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি.এড. কোর্স পাশ হতে হবে। সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ৮ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন। এজন্য প্রথমে ১৫০ নম্বরের 'টেট' / প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) হবে। তাতে নির্দিষ্ট কাট অফ নম্বর পেলে ২০০ নম্বরের 'মেইন' পরীক্ষা দিতে হবে। উচ্চ প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক — এই ৩ ক্ষেত্রের শিক্ষক পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'টেট' / প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) হবে। এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী উচ্চপ্রাথমিকের বেলায় প্রথমে ১৫০ নম্বরের 'টেট' আর মাধ্যমিক (নবম ও দশম) ও উচ্চমাধ্যমিক (একাদশ ও দ্বাদশ)'এর বেলায় ১৫০ নম্বরের প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) হবে। এই পরীক্ষায় নির্দিষ্ট কাট অফ নম্বর পেলে সফল হবেন। এরপর হবে ২০০ নম্বরের মেইন পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে এই সব বিষয় : (১) ইংরিজি কম্পোজিশন ও কমপ্রিহেনশন - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, ভাষা পেপার (বাংলা/উর্দু/নেপালী) - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। (২) সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের।

মেইন পরীক্ষায় সফল হলেই মেধা তালিকা তৈরি হবে অর্থাৎ, নিশ্চিত চাকরি পাবেন। কোনো ইন্টারভিউ বা, কাউন্সেলিং পদ্ধতি থাকবে না। এছাড়াও এবার থেকে নম্বরের কোনো বিভাজন থাকছে না। থাকছে না বি.এড.'এর জন্য আলাদা কোনো নম্বর।

স্কুল শিক্ষা দফতর সূত্রে জানা গেছে, রাজ্যের সব ডি.আই. অফিস থেকে শূন্যপদের তালিকা চাওয়া হয়েছে। খুব শিগগিরই বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হবে।

**এক নজরে জেনে নিন জরুরি কিছু তথ্য :**

(১) ১৫০ নম্বরের 'টেট' / প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট ও পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। (২) প্রথম ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)। (৩) দ্বিতীয় ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)।

(৪) (এ) এছাড়াও অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেলায় দিতে হবে অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে ৬০ নম্বরের ৬০টি প্রশ্নের পরীক্ষা।

(৪) (বি) সোশ্যাল স্টাডিজ বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেলায় পরীক্ষা দিতে হবে সোশ্যাল স্টাডিজ বিষয়ে ৬০ নম্বরের ৬০টি প্রশ্নের পরীক্ষা।

(২) উচ্চপ্রাথমিক স্কুলের বেলায় দিতে হবে 'টেট' পরীক্ষা।

(৩) নবম ও দশম, একাদশ ও দ্বাদশ আর কর্মশিক্ষা ও শারীরশিক্ষা বিষয়ের বেলায় দিতে হবে ১৫০ নম্বরের প্রিলিমিনারি টেস্ট (পি.টি.)।

(৪) 'টেট' বা, 'পি.টি.' পরীক্ষা একই সঙ্গে একই দিনে হবে।

(৫) 'টেট'/ পি.টি.-তে নির্দিষ্ট কাট অফ নম্বর পেলেই 'মেইন' পরীক্ষা দিতে পারবেন।

(৬) মেইন-এ সফল হলেই চাকরি।

(৭) মাধ্যমিক থেকে ডিগ্রি কোর্স পর্যন্ত আর বি.এড. কোর্সে পাওয়া নম্বর মেধা তালিকা তৈরির সময় ধরা হবে না অর্থাৎ, এবার থেকে অ্যাকাডেমিক স্কোর বলে কিছু থাকছে না।

(৮) 'টেট' বা, 'পি.টি.' পরীক্ষা হল কোয়ালিফাইং পরীক্ষা। চূড়ান্ত তালিকা তৈরির সময় 'টেট' বা, 'পি.টি.' পরীক্ষায় পাওয়া নম্বর ধরা হবে না।

(৯) শুধুমাত্র মেইন পরীক্ষায় পাওয়া নম্বর ধরে মেধা তালিকা তৈরি হবে।

(১০) আগে যাঁরা 'টেট' পাশ করেছেন, তাঁদের বৈধ 'টেট' সার্টিফিকেট থাকলে সরাসরি মেইন পরীক্ষা দিতে পারবেন। তবে কত সাল থেকে 'টেট' পাশ করা প্রার্থী সরাসরি মেইন দিতে পারবেন তা মূল বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকবে।

(১১) একজন প্রার্থী একটিই পরীক্ষা দিতে পারবেন।

সাকসেস সেন্টার
বনগাঁ ও মধ্যমগ্রাম
ভর্তি চলছে
স্কুল সার্ভিস-TET
প্রাইমারি-TET
WBCS, Combined
মধ্যমগ্রাম : 8337000900
বনগাঁ : 8337000600

SLST + TET
নতুন নিয়ম অনুসারে
TET + কম্পালসারি বাংলা ও ইংলিশ
V-XII (সমস্ত বিষয়) ও এডুকেশন,
বাংলা, Bio-SC, ইতিহাস, কর্মশিক্ষা,
EVS, Primary TET, পোস্টাল
কোচিংয়ের ব্যবস্থা আছে।
গড়িয়া স্টেশন
9831274056

স্কুল সার্ভিসের প্রশিক্ষণ
কমল বৈদ্য স্যারের তত্ত্বাবধানে
বিষয় ভিত্তিক Expart ফ্যাকাল্টিদের
মাধ্যমে প্রিলি, ল্যাঙ্গুয়েজ ও সব
Subject এর প্রশিক্ষণ।
কোর্স ফি: প্রিলি+ল্যাঙ্গুয়েজ 5200

| Subject | UP | IX-X | XI-XII |
|---|---|---|---|
| Arts | 4200 | 5200 | 6200 |
| Science | 5200 | 6200 | 8200 |

NICE EDUCATION
7547906100
7547906200
7547906300
B.Ed কোর্সে এখনও ভর্তি চলছে।

www.atdcindia.co.in
ATDC
'ATDC INDIA'
JOIN THE RS. 8,00,000 CR.
TEXTILE, APPAREL & FASHION INDUSTRY
TO BUILD A REWARDING CAREER
APPAREL TRAINING & DESIGN CENTRE'S
BOUQUET OF PROGRAMMES
Fashion Design & Apparel Manufacturing Technology
3 Yr. DEGREE PROGRAMMES
DIPLOMA / CERTIFICATE PROGRAMMES
TI-UK CERTIFIED PROGRAMMES
POWER WORKSHOPS/SEMINARS
Scan me
Call Now: 9420964713
APPAREL | FASHION | RETAIL
'Learn to Earn, Earn to Learn'
ATDC - Kolkata : Sector -III, Salt Lake PH - 033 2335 9994, 9903519522
ATDC - Santoshpur (Akra) : Kalinagar, Lala Bagan PH - 8961444426, 9883173281



WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP_D_RAIL
TARGET_WBTET
TET_প্রাইমারি
GK+GI+GS+CA

ভারত সরকার স্বীকৃত প্রাচীন ও প্রসিদ্ধ NGO
তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট



আচার্য
ভবদেব স্যার
প্রাক্তন সিভিল সার্ভেন্ট
কেন্দ্র ও রাজ্য সরকার

আশ্রমিক ইনস্টিটিউটে বিশাল সুযোগ : সম্পূর্ণ বিনা খরচে ভর্তি শুরু হয়েছে
◆ পশ্চিমবঙ্গ পুলিশ ◆ কলকাতা পুলিশ
◆ কেন্দ্রীয় ৮ বাহিনী ◆ ডিফেন্স সার্ভিস
তপশিলী জাতি, উপজাতি, ও সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য সম্পূর্ণ বিনা খরচে ও জেনারেল ছাত্রছাত্রীদের জন্য স্বল্প খরচে ভর্তি শুরু হয়েছে। সকলের প্রতি বিশেষ নজর দিয়ে পড়ানো হয়।
ক্লাস নিচ্ছে প্রবাদপ্রতিম অফিসার-কাম-প্রফেসর আচার্য ভবদেব স্যার (প্রাক্তন ডব্লু.বি.সি.এস ও সেন্ট্রাল সিভিল সার্ভেন্ট)-সহ আরো ১০ জন প্রাক্তন সিভিল সার্ভেন্ট ও এশিয়ান গেমস্-এর স্বর্ণপদক প্রাপ্ত প্রশিক্ষক মন্ডলী।
প্রাথমিক, উচ্চপ্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুলে শিক্ষকতার জন্য নতুন ব্যাচ শুরু হচ্ছে। সত্বর যোগাযোগ করুন।
ডিফেন্স সার্ভিসের শারীরিক প্রশিক্ষণও দেওয়া হয়
এছাড়াও WBCS, IAS & IPS-এর নতুন ব্যাচে ভর্তি শুরু হয়েছে
দূরবর্তী ছেলেমেয়েদের জন্য থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে।
আশ্রমিক কার্যালয় : তাহেরপুর (নদিয়া), শাখা : দমদম (কলকাতা), নৈহাটী, রানাঘাট, বেথুয়াডহরী, গোবরডাঙা
9474764885, 8536920172, 9775172089
গোবরডাঙা : 9734452565, বেথুয়াডহরী : 9641095223
Website : www.kabitakutir.org
কনস্টেবল-সহ অন্যান্য চাকরির পরীক্ষার 'মক ইন্টারভিউ' শুরু হয়েছে

## জীবনবিমায় ২১৮ অফিসার

১ পাতার পর

**অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (লিগ্যাল) :** আইনের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ল' বারে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৪০টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১০, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩)।

**অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (অ্যাকচুয়ারিয়াল) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ভারতের ইনস্টিটিউট অফ অ্যাকচুয়ারিজ কিংবা ফ্যাকাল্টি অফ অ্যাকচুয়ারিজ, ইউ.কে. থেকে ৬টি বা, তার বেশি পেপারে পাশ করে থাকলে যোগ্য। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩)।

**অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সির ফাইনাল কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪০টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১১, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩)।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মাল্টি স্টোরিড বিল্ডিংয়ে প্ল্যানিং ও এক্সিকিউশনে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ২৯টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩)।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মাল্টি স্টোরিড বিল্ডিংয়ে প্ল্যানিং ও এক্সিকিউশনে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ১)।

**অ্যাসিস্ট্যান্ট আর্কিটেক্ট :** আর্কিটেক্চারের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আর্কিটেক্চার কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে আর ডিজাইনের কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৪টি (ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল / মেকানিক্যাল -এম.ই.পি. ইঞ্জিনিয়ার্স) :** মেকানিক্যাল বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। প্লাম্বিং বা, পাইপিং, লিফ্ট, ফায়ার ফাইটিং, ইলেক্ট্রিক্যাল সাব-স্টেশন ইত্যাদির কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১)।

সব পদের বেলায় বয়স হতে হবে ১-২-২০২০'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-২-১৯৯০ থেকে ১-২-১৯৯৯'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, জীবনবিমায় কর্মরতরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৩২,৭৯৫-৬২,৩১৫ টাকা। শুরুতে মোট মাইনে মাসে প্রায় ৫৭,০০০ টাকা। এছাড়াও অন্যান্য ভাতা পাবেন। শুরুতে ১ বছরের প্রবেশন, যা ২ বছর পর্যন্ত বাড়তে পারে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা ও মেন পরীক্ষা হবে। সব পরীক্ষা হবে অনলাইনে। প্রিলিমিনারি পরীক্ষা হবে ৪ এপ্রিল। পরীক্ষা হবে কলকাতা / গ্রেটার কলকাতা, কল্যাণী, শিলিগুড়ি, হুগলি, দুর্গাপুর, আসানসোল, আগরতলা, জিরানিয়া, গ্যাংটক, ভুবনেশ্বর, আইজল, শিলং, পটনা, জোড়হাট, শিলচর, গুয়াহাটি, ডিব্রুগড়। প্রিলিমিনারি পরীক্ষায় ৭০ নম্বরের১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং এবিলিটি, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, (৩) ইংলিশ ল্যাঙ্গোয়েজ। সময় থাকবে ১ ঘন্টা।

এরপর হবে মেন পরীক্ষা। এই পরীক্ষায় ৩০০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে, এই ৪টি বিষয় : (১) রিজনিং এবিলিটি — ৯০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স — ৬০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) পেশাগত জ্ঞান — ৯০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) ইনসিওরেন্স অ্যান্ড ফিনান্সিয়াল মার্কেটিং অ্যাওয়ারনেস— ৬০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা।

অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (লিগ্যাল) পদের বেলায় এছাড়াও ৩০ মিনিটের দু'টি প্রশ্নের উত্তর লিখতে হবে ইংরিজি ল্যাঙ্গোয়েজ (চিঠি লেখা ও প্রবন্ধ লেখা বিষয়ে)।

নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ৪ ভাগের ১ ভাগ নম্বর কাটা হবে। প্রতিটি পার্টে পাশ নম্বর পেতে হবে ও মোট কোয়ালিফাইং নম্বর পেলে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://www.licindia.in/careers.htm এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের এই ডিক্লারেশন নিজের হাতে লিখে স্ক্যান করে নেবেন 'I.... (name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and wher required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে রেজিস্ট্রেশন পেজ পাবেন। তখন যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ৭০০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৮৫) টাকা ডেবিট কার্ড (রুপে, ভিসা, মাস্টার, মেয়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ১৫০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

টার্নার, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, ড্রাফটসম্যান (সিভিল), ড্রাফটসম্যান (মেকানিক্যাল), ইলেক্ট্রনিক মেকানিক, কম্পিউটার অপারেটিং অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট(সি.ও.পি.এ.), রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, ইলেক্ট্রোপ্লেটার, ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩১-৩-২০২০'র হিসাবে ২১ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইনানুযায়ী ট্রেনিং দেওয়া হবে। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন মাসে ওয়েল্ডার আর সি.ও.পি.এ. ট্রেডে ৭,২৮৫ টাকা আর অন্যান্য ট্রেডে ৮,১৯৬ টাকা। কোন ট্রেডে ক'টি শূন্যপদ : ফিটারে ১৬টি, টার্নারে ৪টি, ওয়েল্ডারে ২টি, ইলেক্ট্রিশিয়ানে ১৪টি, মেশিনিস্টে ৫টি, ড্রাফটসম্যান (সিভিলে) ৪টি, ড্রাফটসম্যান (মেকানিক্যালে) ৯টি, ইলেক্ট্রনিক মেকানিকে ১৯টি, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ৪টি, ইলেক্ট্রোপ্লেটারে ৪টি, কম্পিউটার অপারেটিং অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৬৯। এই পদের বিজ্ঞপ্তি নং : 12930/64/HRD/GAD/05, Date: 28/02/2020.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। কবে কোথায় পরীক্ষা হবে তা ওয়েবসাইটে জানতে পারবেন। লিখিত পরীক্ষার জন্য মনোনীত হলে সফলদের নাম ই-মেলে পাঠানো হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : http://apprenticeship.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও আধার কার্ড, ডিগ্রি সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো, ব্যাঙ্ক অ্যাকাউন্ট নং ইত্যাদি স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট আউট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এছাড়াও কোনো অসুবিধা হলে ই-মেল করতে পারেন এই নম্বরে : tgtgad@bel.co.in


শিয়ালদহ (হেড অফিস)
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9674087465
9051040306

Helpline :
9830277100 / 200 / 300

পরীক্ষার খুঁটিনাটি জানতে-
9231036500
উপরিউক্ত কোন একটি নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

| | |
|---|---|
| ডানলপ (C.O.) | 9230056673 |
| গড়িয়াহাট | 9230056665 |
| বারাসাত | 9674087467 |
| ব্যারাকপুর | 9230056668 |
| কল্যাণী | 9674087469 |
| রানাঘাট | 9674083508 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| সোনারপুর | 9674087466 |
| ডায়মন্ডহারবার | 9230056662 |
| ক্যানিং | 7031615596 |
| হাওড়া ময়দান | 9230056677 |
| | 9830342271 |
| বাগনান | 9674087468 |
| তমলুক | 8697984951 |
| কাঁথি | 9674140376 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বাঁকুড়া | 8017491727 |
| পুরুলিয়া | 9830277820 |
| আসানসোল | 9674087475 |
| বর্ধমান | 9674025700 |
| আরামবাগ | 9230056667 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |
| বোলপুর | 9674012025 |
| রামপুরহাট | 9674061397 |
| বহরমপুর | 9674087471 |
| মালদা | 9674087472 |
| বালুরঘাট | 9230056678 |
| রায়গঞ্জ | 8017491728 |
| ইসলামপুর | 9830277597 |
| শিলিগুড়ি | 9674087473 |
| দার্জিলিং | 9674087821 |
| কালিম্পং | 9830277171 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| কোচবিহার | 9830277023 |
| দিনহাটা | 9830277698 |

GSCE

পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

প্রাথমিকে ১৫,০০০ শিক্ষক নিয়োগ হচ্ছে

এক চান্সেই প্রাইমারিতে "Sure Success" এর লক্ষ্যে জিএসসিই-র পদক্ষেপ

ভর্তি : মার্চ মাসের ২০ তারিখের মধ্যে।
ক্লাস : ২৫শে মার্চ থেকে ৩০শে জুন পর্যন্ত। প্রতি সপ্তাহে ২ দিন করে ক্লাস থাকবে। জুন পরবর্তী মাস গুলিতে পরীক্ষা শুরুর পূর্ব পর্যন্ত বিষয়ভিত্তিক স্পেশাল ক্লাস হবে।
মেটেরিয়ালস্ : (১) প্রাইমারি টেট্ পরীক্ষার বিষয়গুলি [Mathematics, Child Development & Pedagogy, Language I (Bengali), Language II (English), Environmental Science] Syllabus Cover করে একটি মেটেরিয়াল।
(২) পরীক্ষার ১ মাস আগে লাস্ট মিনিটস্ সাজেশন।
(৩) বিষয়ভিত্তিক কমনযোগ্য প্র্যাকটিস সেট।
পরীক্ষা : ১লা এপ্রিল থেকে ৩০শে জুনের মধ্যে ১০টি কমপ্লিট মক্ টেস্ট। এরপর পরীক্ষা না হওয়া পর্যন্ত প্রতি মাসে একটি করে মক টেস্টের সুব্যবস্থা রয়েছে।
কোর্স ফি : ৫,০০০/- + ৯০০/- (GST) + ২০০/- (Prospectus) + ২৫০/- (Subcription)
Total = ৬৩৫০/-

জিএসসিই-র হাত ধরে ডব্লুবিসিএস মেনস্ পরীক্ষার প্রস্তুতির লক্ষ্যে
রাজ্য সরকারের অধীনে প্রশাসনিক স্তরের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও উচ্চ পদের চাকরি হল ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (WBCS) যা ছাত্রছাত্রীদের কাছে স্বপ্নের চাকরি হিসাবে পরিচিত। প্রবল ইচ্ছাশক্তি, স্থির লক্ষ্য, কঠিন পরিশ্রম, উপযুক্ত গাইডেন্স, স্বকীয়তা, দৃঢ় প্রতিজ্ঞা ও উপস্থিত বুদ্ধি পৌঁছে দিতে পারে এই পরীক্ষার সাফল্যের ঠিকানায়। পরিকল্পনামাফিক প্রস্তুতির পাশাপাশি বিষয়ভিত্তিক স্বচ্ছ ধারণা এবং দক্ষতা ও নির্ভুলতার সঙ্গে সঠিক উত্তর নির্বাচনের মাধ্যমে প্রস্তুতির বৃত্ত সম্পূর্ণ করতে হবে। মেনস্ পরীক্ষার প্রস্তুতির লক্ষ্যে পড়াশুনা শুরু করলে তবেই প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করে পরবর্তী পার্টে যাওয়া সম্ভব তা ২০২০ সালে প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্নপত্রে পরীক্ষকগণ বার্তা দিলেন। প্রিলিমিনারি দিয়ে কাট অফ মার্কস নিয়ে পর্যালোচনার পর মেনস্ প্রস্তুতি না করে উচিত প্রথম থেকেই মেনস্ পরীক্ষার লক্ষ্য নিয়ে বিষয়ভিত্তিক ডিটেলস্ পড়াশুনা। এ বিষয়ে এক ইউনিক গাইড লাইন দিচ্ছে ১০০ বছরের পুরোনো শিক্ষা প্রতিষ্ঠান জর্জ টেলিগ্রাফের জিএসসিই। সরকারি চাকরির পরীক্ষায় উপযুক্ত পরিবেশের সম্ভার নিয়ে এই প্রতিষ্ঠান এক অনন্য নজির সৃষ্টি করে চলেছে।

শুধুমাত্র WBCS Mains পরীক্ষার প্রস্তুতির লক্ষ্যে
(১) Mains পরীক্ষার উপর কম্পালসারি ও অপশনাল বিষয়ের উপর ক্লাস, মেটেরিয়ালস এবং মক টেস্ট।
অথবা
(২) Mains পরীক্ষার উপর কম্পালসারি বিষয়গুলির ক্লাস ও মক টেস্ট
অথবা
(৩) Mains পরীক্ষার উপর মক টেস্ট।
তিনটি পার্টে কোর্স ফি সহ ক্লাস ও স্টাডি মেটেরিয়ালের বিষয়ে বিস্তারিত জানতে আপনার নিকটবর্তী জিএসসিই-র কেন্দ্রে আজই আসুন।

জিএসসিই-র 'Sure Success' কোর্সগুলি হল
WBCS
Preliminary+Main(Compulsory + Scoring Optional) + Interview
Regular Combined
Staff Selection, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army, LIC etc
Crash Course
On Any Upcoming Exam Like Rail, Bank, PSC, Police etc.
Interview & Personality Grooming

আর্থিক ভাবে দুর্বল ছাত্রছাত্রীদেরও সরকারি চাকরি পাওয়ার সুবর্ণ সুযোগ।
জিএসসিই-তে শুরু হল বেসিক কোর্স
বৈশিষ্ট্য :
১। ভর্তির সময় ৪০০০ টাকা + জিএসটি
২। ৮০০ টাকা + জিএসটি প্রতি মাসে
শর্টকার্ট মেথড ধরে টাইম ম্যানেজমেন্ট শেখা, কমসময়ে বেশী প্রশ্নের উত্তর দেওয়া, বিভিন্ন পরীক্ষার উপর প্রশ্নের ধরন বোঝা, পড়াশোনা করতে করতে বা অন্য কাজে নিযুক্ত থেকেও সময় বার করে সরকারি চাকরির পড়াশোনা ও অনুশীলন করা, নিজের ভুলত্রুটিগুলো শুধরে নিয়ে প্রতিকূলতাকে জয় করে সাফল্য পাওয়া - এ সব কিছুই জিএসসিই-র এই বেসিক কোর্সে হাতেকলমে শেখানো হয়। সঙ্গে আছে মেটেরিয়াল সাপোর্ট, মক টেস্ট দেওয়ার সুবিধা, ফ্রি লাইব্রেরি ও ইন্টারভিউ দেওয়ার প্রকৌশল রপ্ত করা প্রভৃতি। জিএসসিই-তে ভর্তি হয়ে সঠিক পদ্ধতি মেনে পড়াশোনাও করে নিজেকে জীবনে প্রতিষ্ঠিত করুন। SC/ST/OBC তালিকাভুক্ত ছাত্রছাত্রীদের জন্য স্কলারশিপের সুবিধা আছে। সব ধরনের ছাত্রছাত্রীদের জন্য বয়স ও যোগ্যতা অনুযায়ী চাকরি পাবার সুযোগ রয়েছে।
আসন সংখ্যা সীমিত
এই বেসিক কোর্সে মাসিক ফি প্রদানের মাধ্যমে দুস্থ চাকরি প্রার্থীরা পাবে সেরা প্রস্তুতির সুযোগ। পারিবারিক মাসিক আয় বিবেচ্য।

Website : www.gsceindia.org
Toll Free No. 18001230667


WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__ পর্যালোচনা
GK+GI+GS+CA

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-6233. E-Mail : karmsang@gmail.com